হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৪৮ ঃ মেহেরপুর- সোমবার ২২ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ৭ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ২৮ রবি,আউ ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com

সূর্যোদয় স্কুল অ্যান্ড কলেজ
স্বপ্ন অধ্যয়ন অধ্যবসায়
স্থাপিতঃ-২০১৮
গাংনী, মেহেরপুর



আমেরিকা-কানাডায় টানা ৫০ দিন পেরিয়ে নটআউট জয়ার 'ডিয়ার মা' -পৃষ্ঠা-৩

## ফিলিস্তিনকে স্বীকৃতি দিলো যুক্তরাজ্য-কানাডা-অস্ট্রেলিয়া

আন্তর্জাতিক ডেস্ক

ফিলিস্তিনকে রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দিলো যুক্তরাজ্য, কানাডা ও অস্ট্রেলিয়া। গতকাল রোববার (২১ সেপ্টেম্বর) এ সিদ্ধান্তের কথা জানায় এই তিন দেশ।

এর আগে গত জুলাই মাসে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ার স্টারমার বলেছিলেন, সেপ্টেম্বরের মধ্যে যদি ইসরায়েল গাজায় যুদ্ধবিরতিতে সম্মত না হয় এবং টেকসই শান্তিচুক্তি ও দ্বি-রাষ্ট্র সমাধানের পথে অঙ্গীকার না করে, তবে যুক্তরাজ্য তাদের অবস্থান বদলাবে।

যুক্তরাজ্যের সঙ্গে কানাডা, অস্ট্রেলিয়াসহ ইউরোপের দেশ পর্তুগাল ও ফ্রান্সও ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়ার ঘোষণা দিয়েছিল। ইউরোপের আরও তিনটি দেশ স্পেন, আয়ারল্যান্ড ও নরওয়ে গত বছরই এই পদক্ষেপ নিয়েছে। জাতিসংঘের ১৯৩ সদস্য দেশের প্রায় ৭৫ শতাংশ এরই মধ্যে ফিলিস্তিনকে স্বীকৃতি দিয়েছে।

এদিকে, যুক্তরাজ্যের এই পদক্ষেপের তীব্র সমালোচনা করেছে ইসরায়েলি সরকার,

২-এর পৃষ্ঠা দেখুন



### রঙিন প্রলোভন, ভেজাল শিশু খাদ্য

## স্বাস্থ্যঝুঁকিতে মেহেরপুরের ছোটরা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের শিশুদের দৈনন্দিন খাবারে রয়েছে ভেজাল ও রাসায়নিক মিশ্রিত নানা খাদ্য। বাহারি চকলেট, রঙিন আপেল ও কমলার জুস, বেদানা জুস, ভেজাল কোমল পানীয়, চিপস, আইসক্রিম এমন নানান প্রলোভন শিশুদের আকৃষ্ট করছে। সম্প্রতি ভ্রাম্যমাণ আদালতের অভিযানে উঠে এসেছে এই ভয়াবহ চিত্র। বিশেষজ্ঞরা সতর্ক করছেন, দীর্ঘমেয়াদি ভেজাল খাদ্য গ্রহণ শিশুদের স্বাস্থ্যঝুঁকিতে ফেলতে পারে। মেহেরপুর মা ও শিশু কল্যাণ কেন্দ্রর চিকিৎসক ডাঃ রুমানা হেলালী জুসি বলেন, "রাসায়নিক মিশ্রিত খাদ্যদ্রব্য শিশুদের কিডনি, লিভার এবং উচ্চরক্তচাপসহ নানা জটিল রোগে আক্রান্ত করতে পারে। তাৎক্ষণিকভাবে ডায়রিয়া হওয়ারও সম্ভাবনা থাকে।" ভেজাল শিশু খাদ্যের মধ্যে রয়েছে ফরমালিন, ট্যালকম পাউডার, পঁচা তেঁতুল, পঁচা আম, আমড়া ও ঘন চিনি দিয়ে তৈরি জুস, পাইপ চুইংগাম, আচার, চিপস, বিস্কুট, শনপাপড়ি, কেক, চকলেট ও আইসক্রিম। মেহেরপুরের গ্রামীণ বাজারগুলোতে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে দেখা গেছে, দোকানগুলোতে বিক্রি হচ্ছে পচা বা বাসি মিষ্টি এবং রাসায়নিক মিশ্রিত বিস্কুট। কারখানার পরিবেশও অস্বাস্থ্যকর। বাজারে লিচু ড্রিংক, ফুট ড্রিংক, স্ট্রবেরি, জাম, আম স্বাদের রঙিন চকোলেট, ফুলক্রিম দুধ, বাহারি জুস, চিপস ও আইসক্রিমসহ ৫০-এর বেশি ধরনের ভেজাল শিশু খাদ্য বিক্রি হচ্ছে। জাতীয় ভোক্তা

২-এর পৃষ্ঠা দেখুন

### মেহেরপুরে পান ব্যবসার এক পরিচিত মুখ

## মোস্তাকের স্বাদ-বৈচিত্রে ভিড়ই ভিড়

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর জেলা শহরের প্রাণকেন্দ্র স্টেডিয়াম মোড় সংলগ্ন এলাকায় যে দোকানের নাম শুনলেই মুখে পানি আসে, সেটি হল মোস্তাক পান ভাণ্ডার। প্রায় ২৬ বছর ধরে এখানকার স্বত্বাধিকারী মোস্তাফিজুর রহমান মোস্তাক নানা ধরনের পান বিক্রি করে আসছেন। তার দোকান সকাল ১০টা থেকে রাত ১২টা পর্যন্ত খোলা থাকে। তবে সন্ধ্যার দিকে ভিড় এতটাই বেশি হয় যে ক্রেতাদের দিতে হয় সিরিয়াল। মোস্তাকের দোকানে পাওয়া যায় চালতা, ঝাল, মিঠা, সন্তোষী, দেশি, বারি সব ধরনের পান। এছাড়া মিষ্টি পান, আগুন পান, চকোলেট পান, আইস পান, স্পেশাল পান, স্ট্রবেরি পান, বেনারসি পানসহ আরও নানা বাহারি নামের পান। মূল্য ১০ টাকা থেকে শুরু করে ১৫০ টাকা পর্যন্ত। মোস্তাক জানান, "প্রথমে আমি পান, সিগারেট ও কিছু কোমলপান দিয়ে ব্যবসা শুরু করি। পরে নানা মসলার পান বানাতে শুরু করলে ক্রেতার সংখ্যা দিন দিন বেড়ে যেতে থাকে। এখন প্রতিদিন প্রায় হাজার খানেক পান বিক্রি হয়। খরচ বাদ দিয়ে আল্লাহর রহমতে দিনে ৪-৫ হাজার টাকা লাভ হয়।" মোস্তাকের দোকানে ক্রেতারা সব বয়সী। শিশু, কিশোর-কিশোরী থেকে শুরু করে বয়স্করাও ছুটে আসেন এখানে পান খেতে। বিশেষ করে তরুণ-তরুণীদের মধ্যে মিষ্টি পান, চকলেট পান ও আইস পানের চাহিদা সবচেয়ে বেশি। মোস্তাক বলেন, "ভিড় বেশি থাকায় এখন ক্রেতাদের সিরিয়াল দিতে হয়। ভিড় সামলানোই এখন বড় চ্যালেঞ্জ।" মোস্তাকের পান শুধু মেহেরপুরেই নয়, জেলার বাইরেও জনপ্রিয়। চুয়াডাঙ্গা, কুষ্টিয়া ও ঝিনাইদহ থেকেও ক্রেতারা এসেছেন। গাংনী থেকে এসেছিলেন রাজ, অমি, সুমন ও ডালিম, যারা স্পেশাল পান খাওয়ার পাশাপাশি পরিবার ও বন্ধুদের জন্য পার্সেলও নিয়ে যাচ্ছিলেন। মুজিবনগর থানার কয়েকজন পুলিশ সদস্যও নিয়মিত আসেন।

২-এর পৃষ্ঠা দেখুন




## মুজিবনগরে আন্তর্জাতিক শান্তি দিবস উদযাপন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের মুজিবনগরে আন্তর্জাতিক শান্তি দিবস-২০২৫ পালিত হয়েছে।গতকাল রবিবার (২১ সেপ্টেম্বর) কেদারগঞ্জ বাজার সংলগ্ন এলাকায় স্থানীয় শান্তি সহায়ক গোষ্ঠী (পিএফজি) ও যুব শান্তি দূত গোষ্ঠী (ওয়াইপিএজি)-এর উদ্যোগে, দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের সহযোগিতায় এবং যুক্তরাজ্যের এফসিডিও'র অর্থায়নে এ অনুষ্ঠান

২-এর পৃষ্ঠা দেখুন

## বিদ্যুৎস্পৃষ্টে নির্মাণ শ্রমিক আহত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর শহরের জার্মান বাংলা এলাকায় নির্মাণাধীন ভবনে কাজ করার সময় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে এক যুবক গুরুতর আহত হয়েছেন। গতকাল রবিবার (২১ সেপ্টেম্বর) দুপুর দেড়টার দিকে এ দুর্ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে জানা যায়, সেলিম নামের এক ব্যক্তির পাঁচতলা নির্মাণাধীন ভবনের রড বসানোর কাজ চলছিল। এ সময় অসাবধানতাবশত রড উপরে থাকা ১১ হাজার ভোল্টের বিদ্যুতের তারে লেগে যায়। এতে নির্মাণ শ্রমিক মো. তারিক (২৫) আহত হয়। নির্মাণ শ্রমিক মেহেরপুর সদর থানার গোভিপুর

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে প্রাইভেট হাসপাতাল মালিক অ্যাসোসিয়েশনের সভা

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ প্রাইভেট হাসপাতাল ও ক্লিনিক মালিক অ্যাসোসিয়েশন মেহেরপুর জেলা শাখার উদ্যোগে কার্যনির্বাহী পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার দুপুরে জেলা শহরে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা শাখার সভাপতি ডা. আব্দুস সালামের সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক খালিদ মোহাম্মদ সাইফুল ইসলামের সঞ্চালনায় সভায় বক্তব্য

২-এর পৃষ্ঠা দেখুন

## গিয়াস মিষ্টান্ন ভাণ্ডারে আগুন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর বড়বাজারের ঐতিহ্যবাহী গিয়াস মিষ্টান্ন ভান্ডারে আগুনের ঘটনা ঘটেছে।গতকাল আজ রবিবার (২১ সেপ্টম্বর) দুপুরের দিকে এ ঘটনা ঘটে। মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি ইউনিট দ্রুত ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিসের উপ-পরিচালক জানান, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছে তারা ভেতরে ঢোকার চেষ্টা করেন। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, আগুনের সূত্রপাত গ্যাস সিলিন্ডার থেকে হয়েছে। এ ঘটনায় ক্ষয়ক্ষতি পরিমান নিরুপন না করে বলা সম্ভব নয়। তবে কেউ আহত হননি।




## মেহেরপুরে জেলা প্রশাসকের নেতৃত্বে বিভিন্ন কমিটির সভা সদর থেকে মুজিবনগর পর্যন্ত কর্মকর্তারা অংশগ্রহণ করেন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল রবিবার (১২ সেপ্টম্বর) জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে একাধিক কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। জেলা প্রশাসক ড. মোঃ আবদুল ছালাম সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জেলা উন্নয়ন সমন্বয় কমিটি, জেলা ইনোভেশন কমিটি, জেলা আইসিটি কমিটি, জেলা পরিবার পরিকল্পনা কমিটি ও জেলা কর্ণধর কমিটির কর্মকাণ্ডের অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় অংশগ্রহণ করেন মেহেরপুর সরকারি কলেজের

২-এর পৃষ্ঠা দেখুন



## চুয়াডাঙ্গায় ধর্ষণ মামলায় যাবজ্জীবন কারাদণ্ড

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গায় সপ্তম শ্রেণির এক স্কুলছাত্রীকে ধর্ষণের মামলায় খাইরুল ইসলাম নামে এক যুবককে আদালত যাবজ্জীবন কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা করেছেন। গতকাল রোববার (২১ সেপ্টেম্বর) দুপুরে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক সৈয়দ হাবিবুল ইসলাম আসামির উপস্থিতিতে রায় ঘোষণা করেন। চুয়াডাঙ্গা জেলা ও দায়রা জজ আদালতের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোকেট মারুফ সারোয়ার বাবু বিষয়টি নিশ্চিত করেছেন। দণ্ডপ্রাপ্ত খাইরুল ইসলাম (২৪) চুয়াডাঙ্গা পৌর এলাকার বুজরুকগড়গড়ি মাদ্রাসাপাড়ার মো. সিরাজুল ইসলামের ছেলে। মামলার এজাহার অনুযায়ী, ২০২৪ সালের

২-এর পৃষ্ঠা দেখুন

## আ.লীগকে দল হিসেবে বিচারের আওতায় আনা উচিত: নাহিদ ইসলাম

সূর্যোদয় প্রতিবেদন

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক ও জুলাই আন্দোলনের অন্যতম নেতা নাহিদ ইসলাম বলেছেন, আওয়ামী লীগকে দল হিসেবে বিচারের আওতায় আনার সুযোগ তৈরি হয়েছে। দ্রুত সময়ের মধ্যে দলটিকে ট্রাইব্যুনালে জবাবদিহির মুখোমুখি করা উচিত। রোববার (২১ সেপ্টেম্বর) ঢাকার আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ এ সাক্ষ্য ও জেরা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। খবর বাসস। "দল হিসেবে আওয়ামী লীগকে বিচারের আওতায় আনা উচিত, সেই সুযোগও আছে। আমরা ট্রাইব্যুনালের কাছে এ বিষয়ে আবেদন জানাবো।

২-এর পৃষ্ঠা দেখুন

## কুষ্টিয়ায় সাত দিন নিখোঁজ হিসাবরক্ষক

কুষ্টিয়া প্রতিবেদক



কুষ্টিয়ার ভেড়ামারা উপজেলার পাটুয়াকান্দি গ্রামের তালেবুর রহমান টুকু (৫২) কর্মস্থল থেকে ফেরার পথে নিখোঁজ হয়েছেন। তিনি নাটোরের লালপুর বালির ঘাটে হিসাবরক্ষকের কাজ করতেন। গত ১৫ সেপ্টেম্বর নিখোঁজ হওয়া টুকুর কোনো হদিস এখনও পাওয়া যায়নি। গতকাল রবিবার (২১ সেপ্টম্বর) বেলা ১১টায় কুষ্টিয়া প্রেসক্লাবের অডিটরিয়ামে সংবাদ সম্মেলন করেন নিখোঁজের বড় ভাই জারমান আলী ও পরিবারের অন্যান্য সদস্যরা। তারা জানান, নিখোঁজের দিন রাত সাড়ে ৭টায় টুকু নৌকাযোগে ভেড়ামারার রায়টা পাথরঘাটে পৌছান। রাত ৭টা ৫০ মিনিটে সর্বশেষ তার স্ত্রী নাসিমা খাতুনের সঙ্গে ফোনে কথা

২-এর পৃষ্ঠা দেখুন

## জাপা এখন আওয়ামী লীগের লেজ নয়, মাথা : মান্না

সূর্যোদয় প্রতিবেদন

নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেছেন, আগামী ফেব্রুয়ারির নির্বাচন নিয়ে শঙ্কা থাকলেও শেষ পর্যন্ত নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনে প্রতীকের গুরুত্ব থাকলেও সেটিই সবকিছু নির্ধারণ করবে না। আগামী পাঁচ মাসে দেশের রাজনীতিতে এমন অনেক ঘটনা ঘটতে পারে, যা এখন কল্পনাও করা যাচ্ছে না। শনিবার রাজধানীর এফডিসিতে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত ছায়া সংসদে ডাকসুর সাবেক ভিপি মান্না এসব কথা বলেন। অনুষ্ঠানের বিষয় ছিল 'ছাত্র সংসদ নির্বাচনের ফলাফল আসন্ন জাতীয় নির্বাচনে প্রভাব ফেলবে না'। সভাপতিত্ব করেন

২-এর পৃষ্ঠা দেখুন



## হ্যান্ডবল ফাইনালে ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে মেহেরপুর সদর উপজেলার গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত ৫২তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় সদর উপজেলা পর্যায়ের ফাইনালে উঠেছে।

গতকাল রবিবার (২১ সেপ্টম্বর) দুপুরে অনুষ্ঠিত উপজেলা পর্যায়ের সেমিফাইনাল খেলায় ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয় ২-১ গোলে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়কে পরাজিত করে। খেলার

২-এর পৃষ্ঠা দেখুন

### অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {সীমান্তে পতাকা বৈঠকে ১৮ বাংলাদেশী হস্তান্তর}

আর কত পাঠাবি ফেরত<br>
অনুপ্রবেশের জন্য<br>
এমনভাবে অনলি ধরে<br>
হচ্ছে মনে বাজারের সব পণ্য।<br>
কত বছর গিয়েছে তারা<br>
নেইকো তাদের মনে<br>
বাঙালি মুসলিম হলেই তাদের<br>
আনছিস ধরে টেনে।<br>
ছোট্টবেলায় গিয়েছে ভারত<br>
এখন হয়েছে বুড়ি<br>
বাংলার ঠিকানা জোগাড় করে<br>
পাঠিয়ে দিচ্ছিস বাড়ি।<br>
আওয়ামী দোসর গিয়েছে ভারত<br>
পাস না খুঁজে তাদের<br>
যত দোষ নন্দ ঘোষের<br>
অনলি ধরে যাদের।



## ছেলেদের কাবাডিতে আমঝুপি মাধ্যমিক চ্যাম্পিয়ন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলা জাতীয় স্কুল মাদ্রাসা ও কারিগরি শিক্ষার ক্রীড়া সমিতির উদ্যোগে অনুষ্ঠিত ৫২ তম গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ছেলেদের কাবাডিতে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় সদর উপজেলা পর্যায়ের চ্যাম্পিয়ন হয়েছে। জেলা পর্যায়ে খেলতে সুযোগ

২-এর পৃষ্ঠা দেখুন



## না ফেরার দেশে পাড়ি জমালেন কমরেড জালাল উদ্দীন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলা ওয়ার্কার্স পার্টির সাবেক সভাপতি কমরেড জালাল উদ্দীন নাফেরার দেশে পাড়ি জমিয়েছেন। গতকাল রবিবার (২১ সেপ্টম্বর) দুপুরে কুষ্টিয়া

২-এর পৃষ্ঠা দেখুন



## মরদেহ আটকে সুদের টাকা আদায়

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার চিৎলা গ্রামে এক অবিশ্বাস্য ও নৈতিকভাবে লজ্জাজনক ঘটনা ঘটেছে। মৃত রাজমিস্ত্রী হারুন (৪৫)-এর মরদেহ আটকে রেখে প্রতিবেশী মর্জিনা খাতুন সুদের টাকা আদায় করেছেন। স্থানীয়দের তথ্য অনুযায়ী, হারুন শনিবার মেহেরপুরের

২-এর পৃষ্ঠা দেখুন

## সাকিবের রেকর্ড ছুঁয়ে বিশ্বরেকর্ডের আরও কাছে মুস্তাফিজ

সূর্যোদয় প্রতিবেদন

বাংলাদেশের টি-টোয়েন্টি ইতিহাসে নতুন অধ্যায় লিখলেন মুস্তাফিজুর রহমান। এতদিন সর্বোচ্চ উইকেট শিকারীর রেকর্ডটি ছিল সাকিব আল হাসানের একক দখলে। তবে শ্রীলঙ্কার বিপক্ষে দুবাই

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ সোমবার ॥ ৭ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২২ সেপ্টেম্বর ২০২৫ইং

# ফেব্রুয়ারিতেই ভোট চায় ৮৬.৫ শতাংশ মানুষ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী ২০২৬ সালের ফেব্রুয়ারিতেই জাতীয় নির্বাচন হওয়া উচিতড়এমন মত দিয়েছেন দেশের ৮৬ দশমিক ৫ শতাংশ ভোটার। একই সঙ্গে ৯৪ দশমিক ৩ শতাংশ ভোটার জানিয়েছেন তারা ভোট দিতে আগ্রহী। রোববার (২১ সেপ্টেম্বর) রাজধানীর দ্য ডেইলি স্টার ভবনে আয়োজিত এক গোলটেবিল বৈঠকে 'পিপলস ইলেকশন পালস সার্ভে, রাউন্ড২'-এর প্রথম প্রতিবেদন প্রকাশ করা হয়। জরিপটি পরিচালনা করেছে আন্তর্জাতিক গবেষণা ও পরামর্শক প্রতিষ্ঠান ইনোভেশন কনসালটিং। প্রতিবেদন উপস্থাপন করেন ইনোভেশন কনসালটিংয়ের ব্যবস্থাপনা পরিচালক ও জরিপের প্রধান সমন্বয়ক মো. রুবাইয়াত সরোয়ার। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম। ৭৮ দশমিক ৭ শতাংশ অংশগ্রহণকারী সরকারের কার্যক্রমকে 'ভালো' বা 'মধ্যম মানের' হিসেবে মূল্যায়ন করেছেন। তবে তরুণ, শিক্ষিত ও নগরবাসীদের মধ্যে সন্তুষ্টির হার তুলনামূলকভাবে কম। ৬৯ দশমিক ৯ শতাংশ মনে করেন অন্তর্বর্তী সরকার অবাধ ও সুষ্ঠু নির্বাচন আয়োজন করতে সক্ষম। ৭৭ দশমিক ৫ শতাংশ বিশ্বাস করেন তারা নিরাপদে ভোট দিতে পারবেন। তবে পুলিশ ও প্রশাসনের নিরপেক্ষতা নিয়ে তরুণ ও নগরবাসীর সংশয় বেশি। ৫৬ দশমিক ৬ শতাংশ নাগরিকের মতে গত ছয় মাসে চাঁদাবাজি বেড়েছে। এ ধারণা সবচেয়ে বেশি তরুণ ও নগরবাসীর মধ্যে। তথ্যের উৎস হিসেবে সামাজিক যোগাযোগমাধ্যমের ওপর তাদের নির্ভরশীলতা বেশি। ৮৬ দশমিক ৫ শতাংশ উত্তরদাতা নির্ধারিত সময়ে ভোট আয়োজন চান এবং ৯৪ দশমিক ৩ শতাংশ ভোট দেওয়ার আগ্রহী। তবে শিক্ষার্থী, উচ্চশিক্ষিত ও কিছু পেশাজীবীদের মধ্যে নির্বাচনের সময়সূচি নিয়ে আপত্তি তুলনামূলকভাবে বেশি। সংসদের উচ্চকক্ষে আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) সম্পর্কে ৫৬ শতাংশ ভোটারের ধারণা নেই। তবে যারা জানেন, তাদের মধ্যে এ ব্যবস্থার প্রতি সমর্থন বেশি। তরুণ ও উচ্চশিক্ষিতদের মধ্যে

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## ড্রাই ফ্রুটস কতক্ষণ ভিজিয়ে খাওয়া ভালো?

সূর্যোদয় প্রতিবেদন

ড্রাই ফ্রুটস বা শুকনো ফল শরীরের জন্য খুবই উপকারী। তবে এসব ফলের পুষ্টিগুণ পুরোপুরি পেতে ভিজিয়ে রেখে খাওয়ার পরামর্শ দেন বিশেষজ্ঞরা। কোন শুকনো ফল কতক্ষণ ভিজিয়ে রাখলে সঠিক পুষ্টিগুণ পাবেন তা জেনে নিন- বাদাম: বাদামের সঠিক পুষ্টিগুণ পেতে ৮ ঘণ্টা বা রাতভর ভিজিয়ে রাখুন। প্রতিদিন ৫-৬ টি বাদাম ভিজিয়ে সকালে খালি পেটে খেলে উপকার পাবেন। আখরোট : আখরোটের সঠিক পুষ্টিগুণ পেতে কমপক্ষে ৬ ঘণ্টা বা রাতভর ভিজিয়ে রাখুন। পেস্তা : কমপক্ষে ৬ থেকে ৮ ঘণ্টা ভিজিয়ে রাখলে পেস্তা বাদামের সঠিক পুষ্টিগুণ পাওয়া যায়। কাঠবাদাম : ৪-৬ ঘণ্টা ভিজিয়ে রাখলে কাঠবাদাম নরম, মসৃণ হয়। খেতেও সুস্বাদু হয়। এর পাশাপাশি এই বাদামের পুষ্টিগুণ বেড়ে যায়। কিশমিশ : খুব বেশিক্ষণ না হলেও অন্তত ২-৩ ঘণ্টা কিশমিশ ভিজিয়ে রেখে খেলে উপকার পাবেন।



## মেহেরপুরে ভেজাল ও নকল ঔষধ প্রতিরোধে সভা

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে নকল, ভেজাল, রেজিস্ট্রেশনবিহীন ও মেয়াদ উত্তীর্ণ ঔষধ এবং চিকিৎসকের ব্যবস্থাপত্র ছাড়া এন্টিবায়োটিক বিক্রয় প্রতিরোধে জনসচেতনামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার (২১ সেপ্টম্বর) দুপুর দুইটার সময় মেহেরপুর রাবেয়া মেডিকেল হলের কনফারেন্স রুমে চুয়াডাঙ্গা ঔষধ প্রশাসন অধিদপ্তরের আয়োজনে এই সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা ঔষধ প্রশাসন অধিদপ্তরের উপ-পরিচালক সুকর্ণ আহম্মেদ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন চুয়াডাঙ্গা (অতিরিক্ত দায়িত্তপ্রাপ্ত মেহেরপুর জেলা) ঔষধ প্রশাসন অধিদপ্তরের তত্ত্বাবধায়ক তাহমিদ জামিল, বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি মেহেরপুর জেলার সভাপতি আব্দুল লতিব, সহ সভাপতি রাকিবুল হাসান রন ও মোঃ রেনু। সভায় স্থানীয় ঔষধের দোকানদাররা উপস্থিত ছিলেন এবং

৩-এর পৃষ্ঠা দেখুন

## দুর্নীতি নির্মূল না হলে কোনো সংস্কারই কাজে আসবে না: মঈন খান

সূর্যোদয় প্রতিবেদন

সমাজ থেকে দুর্নীতি দূর না হলে কোনো সংস্কারই কার্যকর হবে না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আব্দুল মঈন খান।

রোববার (২১ সেপ্টেম্বর) জাতীয় প্রেস ক্লাবে '৭ নভেম্বর প্রজন্ম' আয়োজিত এক আলোচনা সভায় তিনি এ মন্তব্য করেন। অনুষ্ঠানে ড. মারুফ মল্লিকের লেখা 'বাংলাদেশি জাতীয়তাবাদের তাত্ত্বিক বিশ্লেষণ: নাগরিক ও জাতীয়তাবাদী জাতীয়তাবাদের সংকট' শীর্ষক বইয়ের ওপর আলোচনা হয়। মঈন খান বলেন, "বিগত সরকার যে পরিমাণ লুটপাট করেছে, তা দিয়ে ১০০টি পদ্মা সেতু নির্মাণ করা যেত। এই অর্থ দেশের পাঁচ বছরের বাজেটের সমান।" তিনি অভিযোগ করেন, দুর্নীতির মাধ্যমে ধনিক শ্রেণি সবচেয়ে বেশি লাভবান হচ্ছে। এর ফলে

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার উদ্যোগে সদর উপজেলার বারাদি ইউনিয়নের বশিবাড়িয়া ও হাসানাবাদ গ্রামে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকাল রোববার (২১ সেপ্টম্বর) বিকেল ৫টার দিকে বশিবাড়িয়া ও হাসানাবাদ গ্রামের বিভিন্ন সড়ক ও দোকানপাটে অনুষ্ঠিত এই কর্মসূচিতে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এছাড়া মেহেরপুর সদর উপজেলা জামায়াতের আমির মাওলানা সোহেল রানা, সদর উপজেলা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভোটের রাজনীতিতে 'গেম চেঞ্জার' হতে পারে জামায়াতের মহিলা বিভাগ

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচন ঘিরে মাঠে সক্রিয় হয়ে উঠেছে জামায়াতে ইসলামী। বিশেষত দলটির মহিলা বিভাগকে ঘিরে ব্যাপক আলোচনার জন্ম হয়েছে। বিশ্লেষকদের মতে, তৃণমূল পর্যায়ে বিস্তৃত এই সংগঠন আগামী নির্বাচনে জামায়াতের জন্য 'গেম চেঞ্জার' হয়ে উঠতে পারে। জামায়াতের মহিলা বিভাগ ইতোমধ্যে রুকন সম্মেলন, কর্মী সম্মেলন, উঠান বৈঠক, মানববন্ধন ও ভোটার সমাবেশের মতো কার্যক্রম চালাচ্ছে। নারী ভোটারদের সমর্থন পেতে তাদের প্রচেষ্টা এখন দৃশ্যমান। দীর্ঘ সময় নির্যাতন ও দমন-নীতির মধ্যে গোপনে কার্যক্রম চালানোর পর আওয়ামী লীগ সরকারের পতনের পর থেকে তারা প্রকাশ্যে সক্রিয় হয়েছে। গত মার্চে শিশু আছিয়া ধর্ষণ ও হত্যার প্রতিবাদে জাতীয় প্রেস ক্লাবের সামনে মানববন্ধন থেকে শুরু করে ফিলিস্তিনে ইসরায়েলের হামলার নিন্দায় বিক্ষোভড়সব জায়গাতেই সক্রিয় ছিল মহিলা বিভাগ। শুধু তাই নয়, ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক ও মার্কিন দূতাবাসের চার্জ দ্য অ্যাফেয়ার্স ট্রেসি অ্যান জ্যাকবসনের সঙ্গেও বৈঠক করেছে তারা। এসব বৈঠকে নারীর ক্ষমতায়ন ও রাজনৈতিক সম্পৃক্ততা নিয়ে আলোচনা হয়। দলীয় সূত্রে জানা গেছে, জামায়াতে ইসলামীতে নারী-পুরুষ মিলে কর্মীর সংখ্যা ১০ লাখেরও বেশি। এর মধ্যে ৪০ শতাংশ নারী। মহিলা বিভাগে প্রায় অর্ধ লাখ রুকন, চার লাখ কর্মী ও অসংখ্য সহযোগী সদস্য রয়েছেন। এদের অনেকেই শিক্ষক, চিকিৎসক, ইঞ্জিনিয়ারসহ বিভিন্ন পেশাজীবী। স্থানীয় সরকার নির্বাচনে মহিলা বিভাগের নেত্রীরা উপজেলা ভাইস চেয়ারম্যান ও ইউপি সদস্য হিসেবেও নির্বাচিত হয়েছেন। জামায়াত নেতাদের দাবি, নারীদের ভোট প্রভাবিত করতে তাদের কর্মীরা ঘরে ঘরে যাচ্ছেন। নূরুন্নিসা সিদ্দীকা, মহিলা বিভাগের কেন্দ্রীয় সেক্রেটারি, বলেনড়"আমরা ভোটের জন্য নয়, ইসলামী দাওয়াত ও সচেতনতা বৃদ্ধির জন্য কাজ করি। তবে নির্বাচনের সময় দলীয় সিদ্ধান্তে অতিরিক্ত দায়িত্ব পালন করি। নারীদের বলি, ভোট একটি আমানত, তা বিবেক দিয়ে দিতে হবে।" বিগত সংসদ নির্বাচনে সংরক্ষিত আসন ছাড়া মহিলা বিভাগ থেকে কোনো প্রার্থী দেয়নি জামায়াত। তবে আগামী নির্বাচনে পরিস্থিতি ভিন্ন হতে পারে। নির্বাহী পরিষদের বৈঠকগুলোতে নারী, সংখ্যালঘু এমনকি অ-রুকন প্রার্থী দেওয়ার বিষয়ে আলোচনা চলছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করেন, জামায়াতের মহিলা বিভাগের সংগঠিত শক্তি গ্রামীণ এলাকায় বড়

৩-এর পৃষ্ঠা দেখুন

## এখনো অধরা রিজার্ভ কারসাজির হোতা কাজী সাইদুর রহমান

সূর্যোদয় প্রতিবেদন



বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর কাজী সাইদুর রহমান এখনো পর্যন্ত লাপাত্তা রয়েছেন। অভিযোগ রয়েছে, তিনি ইচ্ছাকৃতভাবে বৈদেশিক মুদ্রার রিজার্ভকে ফুলিয়ে দেখাতেন। সরকারি-বেসরকারি ঋণের অর্থ রিজার্ভে যুক্ত করে তা আসলে বাস্তবিক অবস্থার চেয়ে বেশি প্রদর্শন করতেন। সূত্রে জানা গেছে, এই কৌশল গ্রহণ করেছিলেন তৎকালীন সরকারপ্রধান শেখ হাসিনাকে সন্তুষ্ট করতে এবং গভর্নর হওয়ার প্রত্যাশায়। কাজী সাইদুরকে একসময় রিজার্ভের 'হিরো' বলা হতো। ২০২১ সালের আগস্টে দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৪৮ বিলিয়ন ডলারে পৌঁছালে তিনি নিজে সংবাদ মাধ্যমে নিয়মিত তথ্য

৩-এর পৃষ্ঠা দেখুন



## তালেবানরা বাগরাম ঘাঁটি দিতে না চাওয়ায় এবার ট্রাম্পের হুমকি

সূর্যোদয় প্রতিবেদন

আফগানিস্তানের বাগরাম বিমানঘাঁটি যুক্তরাষ্ট্রের নিয়ন্ত্রণে ফেরত দেওয়ার প্রস্তাব আগেই প্রত্যাখ্যান করেছে তালেবান সরকার। এর পরিপ্রেক্ষিতে এবার রীতিমতো হুমকি দিয়ে বসলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। গতকাল শনিবার তিনি ট্রুথ সোশ্যালে লিখেছেন, 'যদি

৩-এর পৃষ্ঠা দেখুন

## ন্যাটোর প্রস্তুতি পরীক্ষা করছে রাশিয়া

সূর্যোদয় প্রতিবেদন

ইউক্রেন যুদ্ধ ঘিরে চলমান উত্তেজনার মধ্যেই নতুন করে পশ্চিমা সামরিক জোট ন্যাটোর সদস্য দেশ এস্তোনিয়ার আকাশসীমায় প্রবেশ করেছে রাশিয়ার তিনটি মিগ-৩১ যুদ্ধবিমান। শুক্রবার প্রায় ১২ মিনিট এস্তোনিয়ার আকাশে অবস্থান করে বিমানগুলো। এ সময় প্রায় ৯ কিলোমিটার ভেতরে চলে আসে তারা। এ ঘটনাকে 'নির্লজ্জ অনুপ্রবেশ' বলে আখ্যা দিয়েছে এস্তোনিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয়। ন্যাটোর মুখপাত্র জানিয়েছেন, অনুপ্রবেশ ঠেকাতে এস্তোনিয়ায় মোতায়েন থাকা

৩-এর পৃষ্ঠা দেখুন




## বিপাকে ফিলিপাইন সরকার রাজপথে বিক্ষুব্ধ জনতা

সূর্যোদয় প্রতিবেদন

বন্যা নিয়ন্ত্রণ প্রকল্পে ভয়াবহ দুর্নীতি ফাঁস হওয়ার পর ফিলিপাইন সরকার নতুন চ্যালেঞ্জের মুখোমুখি। ক্ষুব্ধ সাধারণ মানুষ রবিবার (২১ সেপ্টেম্বর) রাজধানী ম্যানিলাসহ দেশজুড়ে রাস্তায় নামেন এবং দুর্নীতির সঙ্গে জড়িতদের বিচারের দাবি জানান। ফিলিপাইন প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। সামুদ্রিক ঝড় ও বন্যায় প্রতি বছর হাজার হাজার

৩-এর পৃষ্ঠা দেখুন

## টাইগারদের ফাইনাল স্বপ্ন: শ্রীলঙ্কা বধের পর সামনে যে সমীকরণ

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপে ফাইনালের স্বপ্ন আরও এক ধাপ এগিয়ে নিলো বাংলাদেশ। সুপার ফোরে শ্রীলঙ্কার বিপক্ষে দারুণ জয় তুলে নিয়ে টাইগাররা এখন সবার নজরে। শনিবার (২০ সেপ্টেম্বর) রাতে শ্রীলঙ্কা প্রথমে ব্যাট করে নির্ধারিত ২০ ওভারে তোলে ১৬৮ রান। জবাবে বাংলাদেশ মাত্র এক বল হাতে রেখে লক্ষ্যে পৌঁছে যায়। এ জয়ে টাইগারদের পয়েন্ট টেবিলে যোগ হলো মূল্যবান ২ পয়েন্ট, সঙ্গে নেট রান রেট দাঁড়িয়েছে +০.১২১। বাংলাদেশের হাতে এখনো বাকি দুটি বড় ম্যাচ। ২৪ সেপ্টেম্বর

৩-এর পৃষ্ঠা দেখুন

প্রযুক্তি

## অফলাইনে অ্যাপ সুবিধা

সূর্যোদয় প্রতিবেদন

অনেক সময় চলার পথে নানা কারণে ডিভাইসে ইন্টারনেট সংযোগ থাকে না বা বিচ্ছিন্ন হয়ে পড়ে। কিন্তু অচেনা জায়গার নির্দিষ্ট ঠিকানা খোঁজা জরুরি হয়ে পড়ে তখন। ওই সময় প্রয়োজনে ইন্টারনেট ছাড়া গুগল ম্যাপকে কাজে লাগিয়ে সহজেই নিজের গন্তব্যে পৌঁছে যেতে পারবেন। অফলাইনে ফিচারটি কাজে লাগাতে যাত্রার আগে প্রথমে ওই এলাকার মানচিত্র আগে থেকেই ডাউনলোড করে নিতে হবে। মানচিত্র ডাউনলোড করতে প্রথমে গুগল ম্যাপস অ্যাপ নির্বাচন করে ওই অঞ্চলের জন্য মানচিত্রটি ডাউনলোড করে নিতে হবে। মানচিত্র ডাউনলোড হয়ে গেলে অনায়াশে অফলাইনে দেখতে ও ব্যবহার করার সুবিধা নিতে পারবেন। অফলাইনে ম্যাপ ব্যবহার করতে প্রথমে গুগল ম্যাপস অ্যাপে গিয়ে নির্দিষ্ট জায়গা নির্বাচন করতে হবে। এখন ইন্টারনেট সংযোগ না থাকলেও গুগল ম্যাপ দৃশ্যমান হবে। অফলাইনে ম্যাপ

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**
ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব
মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।
পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১
নিয়মিত রোগী দেখেন
শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ এম.র. মালিক
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
ডাঃ কানিজ নাঈমা
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)
প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
ডাঃ রুমানা হেলালী (জুসি)
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।
মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।
মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়াবেটিক রোগে অভিজ্ঞ
**ডাঃ মোঃ শাহিনুর রশিদ**

এম.বি.বি.এস(ডি.ইউ).বি.সি.এস (স্বাস্থ্য) ডি-কার্ড (কার্ডিওলজি) , এফ.সি.পি.এস (মেডিসিন) সি.সি.ডি (বারডেম) এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
রুগী দেখেন প্রতি শনি ,রবি ও সোমবার
সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308
রাবেয়া মেডিকেল সার্ভিসেস
জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব
আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
উরোলজি বিশেষজ্ঞ
ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. মো. আতিকুর রহমান
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।
নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)
ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা|
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।
সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।
ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)
আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

## ফেব্রুয়ারিতেই ভোট চায় ৮৬.৫

(শেষ পৃষ্ঠার পর)

সচেতনতা ও সমর্থনের হারও তুলনামূলকভাবে বেশি। রাজনৈতিক বিশ্লেষণ ও যোগাযোগ বিশেষজ্ঞ ড. সাইমুম পারভেজ, বিডিজবস ডটকমের প্রধান নির্বাহী এ কে এম ফাহিম মাশরুর, সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার রশনা ইমাম এবং ব্রেইনের নির্বাহী পরিচালক শফিকুর রহমান। দেশের ১০ হাজার ৪১৩ জন প্রাপ্তবয়স্ক নাগরিকের অংশগ্রহণে এ জরিপটি পরিচালিত হয়। এতে অন্তর্বর্তী সরকারের কর্মদক্ষতা, নির্বাচনকালীন পরিস্থিতি, আইনশৃঙ্খলা ও নির্বাচনি সংস্কার বিষয়ে জনমত বিশ্লেষণ করা হয়েছে। উল্লেখ্য, ইনোভেশন কনসালটিংয়ের উদ্যোগে 'পিপলস পারসেপশন অন ইলেকশন সার্ভে' বাস্তবায়নে সহযোগিতা করছে ভয়েস ফর রিফর্ম ও বাংলাদেশ রিসার্চ অ্যানালাইসিস অ্যান্ড ইনফরমেশন নেটওয়ার্ক (ব্রেইন)।

## মেহেরপুরে ভেজাল ও নকল ঔষধ

(শেষ পৃষ্টার পর)

অনুষ্ঠানটি সার্বিকভাবে সহযোগিতা করেন বাংলাদেশ কেমিস্টস এন্ড ড্রাগিস্টস সমিতি মেহেরপুর। অনুষ্ঠানে বক্তারা নকল ও মেয়াদ উত্তীর্ণ ঔষধের ব্যবহার জনস্বাস্থ্যের জন্য বিপজ্জনক উল্লেখ করে সচেতনতা বৃদ্ধির গুরুত্বের ওপর জোর দেন।

## দুর্নীতি নির্মূল না হলে কোনো

(শেষ পৃষ্টার পর)

সাধারণ মানুষের জীবন দুর্বিষহ হয়ে উঠছে, আর একটি নির্দিষ্ট গোষ্ঠী ফুলেফেঁপে উঠছে। বিএনপির এই শীর্ষ নেতা আরও বলেন, "জিয়াউর রহমান ছিলেন একজন সৎ ও আদর্শবান নেতা। তার বিরুদ্ধে দুর্নীতি বা অসততার অভিযোগ আওয়ামী লীগও কোনোদিন আনতে পারেনি। তার সততা ছিল প্রশ্নাতীত।" দেশের উন্নয়নের জন্য একটি সুস্থ রাজনৈতিক পরিবেশ ও জবাবদিহিমূলক শাসন ব্যবস্থার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে তিনি বলেন, জনগণের অংশগ্রহণ ছাড়া কোনো উন্নয়নই টেকসই হতে পারে না। আলোচনা সভায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন '৭ নভেম্বর প্রজন্ম'-এর সদস্য সচিব ইয়াছির ওয়াদাদ তন্ময়। সভাপতিত্ব করেন বিএনপির কুমিল্লা বিভাগের সাংগঠনিক সম্পাদক মো. সেলিম ভুইঁয়া। অনুষ্ঠানে আরও বক্তব্য দেনড় লেখক ড. মারুফ মল্লিক, সিনিয়র সাংবাদিক আমিরুল ইসলাম কাগজি, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের সাবেক তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আহসানুল হক শুভ্র, স্বেচ্ছাসেবক দলের মুক্তিযুদ্ধ গবেষণা সম্পাদক হারুন উর রশিদ, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সম্পাদক নুরুল হুদা বাবু, ছাত্রদল নেতা সোলায়মান কবির, ছাত্রদল কেন্দ্রীয় সংসদের যোগাযোগ সম্পাদক আরিফুল হাসান আরিফ এবং যুগ্ম সম্পাদক আসাদুজ্জামান রিংকু প্রমুখ। মূল প্রবন্ধে ইয়াছির ওয়াদাদ তন্ময় বলেন, "বাংলাদেশি জাতীয়তাবাদই সংকট উত্তরণের একমাত্র দর্শন। এটি বিভেদ নয়, বরং ভূখণ্ড, সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও স্বাধীনতার ভিত্তিতে জাতীয় ঐক্যকে শক্তিশালী করে। এর লক্ষ্য হলো গণতান্ত্রিক অংশগ্রহণ, অর্থনৈতিক পুনর্গঠন ও জনগণের ক্ষমতায়ন।" তিনি আরও যোগ করেন, "আজকের বাংলাদেশ শুধু রাজনৈতিক বা অর্থনৈতিক সংকটেই নয়, বরং অস্তিত্বের চ্যালেঞ্জের মুখোমুখি। এই পরিস্থিতিতে বাংলাদেশি জাতীয়তাবাদকে রাষ্ট্র ও সমাজের কেন্দ্রীয় দর্শন হিসেবে প্রতিষ্ঠা করা ছাড়া অন্য কোনো বিকল্প নেই।"

## মেহেরপুরে জামায়াতে ইসলামী'র

(শেষ পৃষ্টার পর)

সাধারণ সম্পাদক ও আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদপ্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, বারাদি ইউনিয়নের আমির মাওলানা আসাদুজ্জামান, সেক্রেটারি আব্দুল রাজ্জাক, ৩নং ওয়ার্ড সভাপতি আনছার আলী ও সেক্রেটারি মাওলানা ওয়াহিদুজ্জামান সেলিমসহ অসংখ্য নেতাকর্মী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে দলের প্রার্থীর পক্ষে সর্বাত্মক সমর্থন প্রদানের আহ্বান জানানো হয় এবং আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানোর গুরুত্ব তুলে ধরা হয়।

## ভোটের রাজনীতিতে 'গেম চেঞ্জার'

(শেষ পৃষ্টার পর)

ভূমিকা রাখতে পারে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. সাব্বির আহমেদ বলেন, "যদি এই বিপুল নারী কর্মী বাহিনীকে সঠিকভাবে মোবিলাইজ করতে পারে, তবে এটি জামায়াতের জন্য বড় সুবিধা।"

অন্য অধ্যাপক ড. এস এম আলী রেজা মনে করেন, "ছাত্র সংসদ নির্বাচন থেকে শুরু করে মাঠপর্যায়ের সক্রিয়তায় জামায়াত ইতোমধ্যে শক্তি প্রদর্শন করেছে। জাতীয় নির্বাচনে এই ধারা অব্যাহত রাখতে পারলে তারা নতুন মাত্রা পাবে।" নারী ভোটকে ঘিরে কৌশল সাজানোয় জামায়াতের মহিলা বিভাগ এখন আলোচনার কেন্দ্রবিন্দু। তাদের সংগঠিত শক্তি ও আন্তর্জাতিক মহলের সঙ্গে সম্পৃক্ততা আগামী জাতীয় নির্বাচনে সত্যিই 'গেম চেঞ্জার' হয়ে উঠতে পারে কিনা, তা এখন সময়ই বলে দেবে।

## টাইগারদের ফাইনাল স্বপ্ন: শ্রীলঙ্কা

(শেষ পৃষ্টার পর)

ভারতের বিপক্ষে এবং ২৫ সেপ্টেম্বর পাকিস্তানের বিপক্ষে লড়বে টাইগাররা। এই দুই ম্যাচে জয় নিশ্চিত করতে পারলে ফাইনালে যাওয়া একরকম নিশ্চিত হয়ে যাবে। তবে অন্তত একটি ম্যাচ জিতলেও বাংলাদেশের সম্ভাবনা উজ্জ্বল থাকবে। এমনকি দুই ম্যাচেই হেরে গেলেও বিশেষ কিছু শর্ত মিললে ফাইনালের টিকিট পেতে পারে লিটন দাসের নেতৃত্বাধীন দল। ধরা যাক, বাংলাদেশ বাকি দুই ম্যাচে হেরে গেলো। সে ক্ষেত্রে ফাইনালে যেতে হলে চাইবে ভাগ্যের সহায়তা। পাকিস্তান বা ভারতের যেকোনো একটি দলকে সব ম্যাচ জিততে হবে এবং বাকি প্রতিপক্ষকে বড় ব্যবধানে হারাতে হবে। পাশাপাশি ভারতুপাকিস্তান ম্যাচে যে দল হারবে, তাকে শ্রীলঙ্কার কাছেও হারতে হবে। আবার বাংলাদেশের বিপক্ষে সেই দলের জয় আসতে হবে অল্প ব্যবধানেড়শেষ বলে কিংবা ১ রানে। এমন হলে একটি দলের পয়েন্ট হবে ৬, আর বাংলাদেশসহ বাকি তিন দলের পয়েন্ট দাঁড়াবে সমান ২-এ। তখন শ্রেয়তর নেট রান রেট নির্ধারণ করবে ফাইনালের টিকিট কার হাতে যাবে। তবে হিসাব-নিকাশের জটিলতায় যেতে চাইবে না টাইগাররা। বরং লক্ষ্য থাকবে ভারত ও পাকিস্তানকে হারিয়ে সরাসরি ফাইনাল নিশ্চিত করা। ইতিহাসও সেই আত্মবিশ্বাস জোগাচ্ছে। ওয়ানডে ফরম্যাটে শেষবার ভারতকে হারিয়েছিল বাংলাদেশ, আর পাকিস্তানকে সর্বশেষ টি-টোয়েন্টি সিরিজে ২-১ ব্যবধানে হারিয়েছে লিটনের দল। সেসব জয়ের পুনরাবৃত্তি হলে ৭ বছর পর আবারও এশিয়া কাপের ফাইনালে নামবে টাইগাররা। এখন শুধু অপেক্ষা ২৪ ও ২৫ সেপ্টেম্বরের মহারণের।

## এখনো অধরা রিজার্ভ কারসাজির

(শেষ পৃষ্টার পর)

পাঠাতেন। পরবর্তীতে দেখা যায়, এই রিজার্ভ মূলত ঋণ ও ছলচাতুরির ওপর ভিত্তি করে ফুলানো হয়েছিল। করোনা-পরবর্তী সময়ে রেমিট্যান্স প্রবাহ সাময়িকভাবে বৃদ্ধি পাওয়ায় সংখ্যাটি আরও স্ফীত হয়, যা পরবর্তীতে দেশের অর্থনীতির জন্য সমস্যা সৃষ্টি করে। অর্থনীতিবিদদের মতে, যদি ডলারের দাম আগে থেকেই বাস্তব অনুযায়ী সমন্বয় করা হতো, তাহলে ব্যাংকগুলো এত বিপাকে পড়তে হতো না। ২০২৪ সালে টাকার অবমূল্যায়ন বাধ্যতামূলকভাবে করতে হয়, যদিও তখন অনেক দেরি হয়ে গিয়েছিল। কাজী সাইদুরের দুর্নীতির অভিযোগ দীর্ঘদিনের। ২০২৩ সালের ১ ফেব্রুয়ারি তিনি বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক রিজার্ভ ব্যবস্থাপনা ও ব্যাংক পরিদর্শন বিভাগের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হয়। অভিযোগ রয়েছে, ২৩৪ বিলিয়ন ডলার পাচারের সঙ্গে তাঁর সরাসরি সম্পর্ক ছিল। ২০২১ সালের সর্বোচ্চ রিজার্ভ ৪৮ বিলিয়ন ডলারের মাত্র তিন বছরের ব্যবধানে অর্ধেকে নেমে আসে। অর্থনীতিবিদরা এর জন্য মূলত চারটি কারণ চিহ্নিত করেছেন, কভিড-পরবর্তী আমদানির চাপ ও জ্বালানি-খাদ্যপণ্যের আন্তর্জাতিক মূল্যবৃদ্ধি, বৈদেশিক ঋণের কিস্তি ও সুদ পরিশোধ, রেমিট্যান্স প্রবাহে শ্লথ গতি ও হুন্ডি প্রভাব, রপ্তানি আয়ের স্থবিরতা। রিজার্ভের দ্রুত ক্ষয়ে অন্যতম বড় কারণ ছিল আমদানির আড়ালে অর্থপাচার। অনেক আমদানিকারক প্রকৃত দামের চেয়ে দ্বিগুণ দামে পণ্য দেখিয়ে এলসি খোলেন, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রা পাচার হত। কেন্দ্রীয় ব্যাংকের দুর্বল নজরদারি ও প্রভাবশালী ব্যবসায়ীদের কারণে এটি দীর্ঘদিন চলছিল। আইএমএফের প্রতিবেদনে দেখা গেছে, ২০২১ সালের অক্টোবরে বাংলাদেশ ব্যাংক রিজার্ভ বহির্ভূত সম্পদ অন্তর্ভুক্ত করে প্রকৃত রিজার্ভের তুলনায় প্রায় ৭.২ বিলিয়ন ডলার বেশি দেখিয়েছে। বর্তমানে দুর্নীতি দমন কমিশন (দুদক) কেন্দ্রীয় ব্যাংকের সাবেক ও বর্তমান ৩৫ কর্মকর্তার বিরুদ্ধে অনুসন্ধান চালাচ্ছে। তাদের মধ্যে সাবেক গভর্নররাড়ড. আতিউর রহমান, মো. আব্দুর রউফ তালুকদার, এবং ডেপুটি গভর্নর কাজী সাইদুর রহমানও রয়েছেন। অন্যান্য কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগ অনুসন্ধান ও প্রমাণ চূড়ান্ত হলে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে। দুদকের তথ্য অনুযায়ী, বাংলাদেশ ব্যাংকের সাবেক ডেপুটি গভর্নর এস কে সুর চৌধুরীর লকার থেকে উদ্ধারকৃত অর্থ-সম্পদ অনুসন্ধান প্রক্রিয়ার সূত্রপাত হয়েছে। এর ভিত্তিতে কেন্দ্রীয় ব্যাংকের আরও অনেক কর্মকর্তার লকার খোলার অনুমতি নিয়েছে দুদক।

## অফলাইনে অ্যাপ সুবিধা

(শেষ পৃষ্টার পর)

ব্যবহারে প্রথমে ম্যাপ আইকনে যেতে হবে। যে জায়গার ম্যাপ দেখতে চান, তা সার্চ করে নিতে হবে। এবার ইন্সট্রাকশনে ক্লিক করতে হবে। ওখানে পাবলিক ট্রান্সপোর্ট লাইন ও স্টেশন দেখতে পারবেন। তবে অফলাইন ম্যাপ ব্যবহার করার কিছু সীমাবদ্ধতা রয়েছে। অফলাইন মানচিত্রে সাম্প্রতিক তথ্য নাও থাকতে পারে। ইন্টারনেট না থাকার সীমাবদ্ধতার কারণে ট্রাফিক ইনফরমেশন ফিচারটি সাময়িক কাজ নাও করতে পারে। গুগল ম্যাপের অফলাইন ফিচারের সবচেয়ে বড় সুবিধা হলো মূলত যেসব দুর্গম জায়গায় ইন্টারনেট কাজ করে না, ওই সব জায়গায় ম্যাপ কাজ করবে। ফলে ম্যাপের সহায়তা নিয়ে ওই সব দুর্গম জায়গায় যেতে কোনো সমস্যা হবে না।

## তালেবানরা বাগরাম ঘাঁটি দিতে না

(শেষ পৃষ্টার পর)

আফগানিস্তান বাগরাম বিমানঘাঁটি ফেরত না দেয়, তাহলে খুবই খারপ কিছু ঘটতে পারে।' আফগানিস্তানে মার্কিন সেনাদের অবস্থানের সময় বাগরাম ছিল প্রধান বিমানঘাঁটি। এটি রাজধানী কাবুল থেকে প্রায় ৬৪ কিলোমিটার দূরে। ২০০১ সালের ১১ সেপ্টেম্বর নিউ ইয়র্কে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের টুইন টাওয়ারে হামলার ঘটনা ঘটে। এতে জড়িত থাকার অভিযোগ ওঠে আল কায়েদার বিরুদ্ধে। এরপর আফগানিস্তানে মার্কিন সেনা মোতায়েন হলে যুক্তরাষ্ট্র বাগরাম ঘাঁটির নিয়ন্ত্রণ নেয়। আল জাজিরার প্রতিবেদন অনুযায়ী, মার্কিন সেনারা থাকা অবস্থায় এই ঘাঁটিতে বিচার ছাড়াই হাজার হাজার মানুষকে আটকে রাখা হয়েছিল। ২০২১ সালে মার্কিন সেনা প্রত্যাহার এবং তালেবান ক্ষমতা দখলের পর ঘাঁটিরও নিয়ন্ত্রণ নেয়। বাগরাম ঘাঁটি চীনের কাছাকাছি হওয়ায় এর নিয়ন্ত্রণ হারানো নিয়ে প্রায়ই আক্ষেপ করেছেন ডোনাল্ড ট্রাম্প। গত বৃহস্পতিবার যুক্তরাজ্য সফরের সময় তিনি প্রথমবারের মতো প্রকাশ্যে এ নিয়ে কথা বলেন। সংবাদ সম্মেলনে ট্রাম্প বলেন, আমরা বাগরাম বিমানঘাঁটি ফেরত নেওয়ার চেষ্টা করছি। এটির নিয়ন্ত্রণ ফেরত নেওয়া হবে। কারণ, তালেবানদেরও আমাদের কাছে থেকে কিছু জিনিস নেওয়া প্রয়োজন। তবে ফের মার্কিন সামরিক উপস্থিতির শঙ্কায় আফগান কর্মকর্তারা ঘাঁটির নিয়ন্ত্রণ ফেরত দেওয়ার বিরোধিতা করেছেন।

## ন্যাটোর প্রস্তুতি পরীক্ষা করছে রাশিয়া

(শেষ পৃষ্টার পর)

ইতালির এফ-৩৫ যুদ্ধবিমান দ্রুত প্রতিক্রিয়া জানায় এবং রুশ বিমানগুলোকে প্রতিহত করে। তিনি বলেন, "রাশিয়ার এই বেপরোয়া আচরণ আবারও প্রমাণ করল ন্যাটোর দ্রুত প্রতিক্রিয়া জানানোর সক্ষমতা।" তবে রাশিয়ার প্রতিরক্ষা মন্ত্রণালয় অভিযোগ অস্বীকার করেছে। এক বিবৃতিতে জানানো হয়, যুদ্ধবিমানগুলো বাল্টিক সাগরের নিরপেক্ষ আকাশসীমা অতিক্রম করেছে এবং আন্তর্জাতিক নিয়ম মেনেই রাশিয়ার উত্তর-পশ্চিমাঞ্চল থেকে ক্যালিনিনগ্রাদে গিয়েছে। তাদের দাবি, কোনো দেশের সীমানা লঙ্ঘন করা হয়নি। এস্তোনিয়ার পররাষ্ট্রমন্ত্রী মারগুস চাকনা জানান, এ বছর ইতোমধ্যেই চারবার আকাশসীমা লঙ্ঘনের ঘটনা ঘটেছে। তবে একসঙ্গে তিনটি যুদ্ধবিমান অনুপ্রবেশের ঘটনা এবারই প্রথম। তিনি বলেন, "এটি অভূতপূর্ব ও দুঃসাহসী পদক্ষেপ। আমরা ন্যাটোর আর্টিকেল ৪ অনুসারে রাজনৈতিক পরামর্শ আহ্বান করব।"

প্রধানমন্ত্রী ক্রিস্টেন মিখালও ঘটনাটিকে 'স্পষ্ট প্ররোচনা' হিসেবে উল্লেখ করে রাশিয়ার শীর্ষ কূটনীতিককে ডেকে আনুষ্ঠানিক প্রতিবাদ জানান।

মাত্র এক সপ্তাহ আগে, ৯ সেপ্টেম্বর রাতে পোল্যান্ডের আকাশসীমায় ২০টির বেশি রুশ ড্রোন প্রবেশ করে। এর মধ্যে কিছু ভূপাতিত করে ন্যাটো। পশ্চিমা কর্মকর্তাদের মতে, এসব কার্যক্রমের মাধ্যমে রাশিয়া ন্যাটোর প্রস্তুতি ও অঙ্গীকার পরীক্ষা করছে। এ ছাড়া তিন দিন আগে শেষ হয়েছে রাশিয়ুাবেলারুশের যৌথ সামরিক মহড়া 'জাপাদ-২০২৫', যেখানে পারমাণবিক অস্ত্র ব্যবহারের মহড়াও অন্তর্ভুক্ত ছিল। পশ্চিমা বিশ্লেষকদের মতে, এসব ঘটনায় স্পষ্ট যে রাশিয়া ধারাবাহিকভাবে ন্যাটোকে চাপে রাখতে চাইছে এবং এর মাধ্যমে ইউক্রেন যুদ্ধের বাইরেও নতুন করে উত্তেজনার রেখা টানছে।

## বিপাকে ফিলিপাইন সরকার রাজপথে

(শেষ পৃষ্টার পর)

মানুষ মারাত্মক দুর্দশার মুখোমুখি হন। দুর্ভাগ্যবশত, বন্যা নিয়ন্ত্রণের জন্য নেওয়া বিশাল প্রকল্পের তহবিল লোপাট হয়ে গেছে, এমনকি কিছু বাঁধ নির্মাণের কথা থাকলেও সেগুলোর বাস্তবতা নেই। সংবাদমাধ্যম গামানেটওয়ার্ক জানিয়েছে, রাজধানী ম্যানিলায় দুটি বড় বিক্ষোভ অনুষ্ঠিত হবে। প্রথমটি 'বন্যা মোকাবিলায় পদক্ষেপ: দুর্নীতির বিরুদ্ধে আন্দোলন' শিরোনামে রিজাল পার্কে হবে, যেখানে শিক্ষার্থী ও বিভিন্ন অ্যাক্টিভিস্ট গ্রুপ অংশ নেবে। দ্বিতীয়টি স্থানীয় সময় দুপুর ২টায় ইডিএসএ পিপল পাওয়ার মনুমেন্টে অনুষ্ঠিত হবে। ধর্মীয় নেতারা এই বিক্ষোভের নেতৃত্ব দেবেন। এসময় নাগরিক সমাজ ও তরুণ সংগঠনগুলোর সমর্থনও থাকবে। সাবেক প্রেসিডেন্ট দুতের্তে-পন্থী দল 'হাকবাং এনজি মাইসুগ' দুপুর ১টায় লিওয়াসাং বোনিফাসিওতে 'সেভ দ্য ফিলিপাইনস' শীর্ষক প্রতিবাদ সমাবেশের আয়োজন করেছে। পাশাপাশি অবসরপ্রাপ্ত সামরিক কর্মকর্তারা সকাল ৭টা থেকে ক্যাম্প আগুইনাল্ডোর বাইরে প্রতিবাদ জানাবেন। রাজধানী ম্যানিলার পাশাপাশি দেশটির অন্যান্য বড় শহরেও দুর্নীতির বিরুদ্ধে প্রতিবাদ চলছে। দুতের্তে সমর্থকদের আয়োজনে বিকেল ৩টায় দাভাও শহরের রিজাল পার্কে মিছিল অনুষ্ঠিত হবে।

# আমেরিকা-কানাডায় টানা ৫০ দিন পেরিয়ে নটআউট জয়ার 'ডিয়ার মা'

বিনোদন ডেস্ক

বর্তমানে বাংলাদেশের ছোট ও বড়পর্দায় দেখা যাচ্ছে নন্দিত অভিনেত্রী জয়া আহসানকে। একদিকে প্রেক্ষাগৃহে চলছে তার অভিনীত সিনেমা 'ফেরেশতে', অন্যদিকে তিনি ছোটপর্দায় বিচারক হিসেবে হাজির হচ্ছেন লাক্স চ্যানেল আই সুপারস্টার প্রতিযোগিতায়। ওটিটি প্ল্যাটফর্ম চরকিতেও সদ্য মুক্তি পেয়েছে এই তারকার মহামারিকালীন সিনেমা 'জয়া ও শারমিন'। এখানে তিনি বাস্তব জীবনের মতো এক জনপ্রিয় অভিনেত্রীর চরিত্রে অভিনয় করেছেন। তবে জয়া নিজেই এখন রয়েছেন বিদেশে। ভারতে নতুন ছবির কাজ করছেন তিনি। এরইমধ্যে এলো জয়া ভক্তদের জন্য দারুণ এক সুখবর। প্রিয় তারকার সিনেমা 'ডিয়ার মা' আন্তর্জাতিক অঙ্গনে দারুণ সফলতা দেখাচ্ছে। আমেরিকা ও কানাডায় মুক্তির পর টানা ৫০ দিন অতিক্রম করেছে জয়া আহসানের 'ডিয়ার মা' ছবিটি। আজ চলছে ৫১তম দিন। আর নতুন সপ্তাহে ছবিটির হলসংখ্যাও বেড়েছে। যুক্তরাষ্ট্রের নতুন তিনটি শহরে মুক্তি পেয়েছে অনুরুদ্ধ রয়চৌধুরী পরিচালিত সিনেমাটি।

জানা গেছে, গতকাল ও আজ থেকে আমেরিকার ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যের তিনটি শহর নর্থ ক্যালিফোর্নিয়া, সান ডিয়াগো ক্যালিফোর্নিয়া এবং স্যাক্রামেন্টো ক্যালিফোর্নিয়ায় ছবিটি মুক্তি পেয়েছে।


'রক্তের সম্পর্ক নাকি ভালোবাসার টান?'-এমন প্রশ্নকে সামনে রেখে ছবিটি করেছেন বলিউড ও কলকাতার অন্যতম মেধাবী নির্মাতা অনিরুদ্ধ। তিনি এর আগে 'পিংক'-এর মতো জনপ্রিয় হিন্দি সিনেমা এবং 'অনুরণন', 'অন্তহীন', 'বুনো হাস'-এর মতো দারুণ সব বাংলা ছবি নির্মাণ করেছেন।

'ডিয়ার মা'-এর প্রধাণ চরিত্রে আছেন দুই বাংলার নন্দিত অভিনেত্রী জয়া আহসান। তার দত্তক নেয়া শিশু কন্যার সঙ্গে সম্পর্কেও জটিলতা নিয়ে এগিয়ে যায় ছবিটি। এতে আরও অভিনয় করেছেন চন্দন রয় স্যানাল, শাশ্বত চট্টোপাধ্যায়ের মতো দক্ষ অভিনেতা।

এদিকে, হলে চলতি 'ফেরেশতে' ছবিতের নাম ভূমিকায় অভিনয় করেছেন জয়া। বাংলাদেশ ও ইরানের যৌথ প্রযোজিত এই ছবিটি নির্মাণ করেছেন ইরানি পরিচালক অতাশ যমযম।




ভাস্কর ডেন্টাল সার্জারী
টি এন্ডটি রোর্ড,এশিয়ানেট মোড়, বড়বাজার , মেহেরপুর



ডি,এন ভাস্কর (মানস)
(ডেন্টাল টেকনোলজিস্ট)
ডিএমডিটি (ঢাকা) এমএফটি (ডেন্টাল),
খুলনা মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখার সময় :
সকাল : ৯টা – দুপুর ২টা, বিকাল : ৫টা – রাত ৯টা
(প্রতিদিন খোলা)
০১৬৭১-৫৮৫২৩২, ০১৯২০-৬৯৪৫৩২
অত্যাধুনিক যন্ত্রপাতি জীবাণুমুক্ত পরিবেশসহ দাঁতের চিকিৎসা করা হয়। রুট ক্যানেল , কসমেটিক ফিলিং দাঁত তোলা সহ সকল প্রকার দাঁতের চিকিৎসা করা হয়।




কাফুর
ড্রিংকিং ওয়াটার
বিশুদ্ধ পানির বিশ্বস্ত নাম




হোটেল বাজার,
যাদবপুর রোড, মেহেরপুর
বিনামূল্যে হোম ডেলিভারি সুবিধা!
সরাসরি ঘরে পৌঁছে দিন বিশুদ্ধ পানির নিশ্চয়তা
RO ফিল্টার প্রযুক্তিতে বিশুদ্ধকর
স্বাস্থ্যসম্মত বোতল
দ্রুত সরবরাহ
আজই অর্ডার করুন!
ডেলিভারি হটলাইন:
০১৯২৩-১২১২৯১
০১৯২৩-১২১২৯৮
অফিস যোগাযোগ: ০১৯২৩-১৩১৩৫৪



নাজ জুয়েলার্স
হাইস্কুল রোড, গাংনী বাজার, মেহেরপুর
বিশেষ অফার



২১ কে ও ২২ কে স্বর্ণের গহনাগুলো
গ্যারান্টি সহকারে
অনন্য ডিজাইন
সেরা মানের স্বর্ণ
আজই আসুন ও আপনার স্বপ্নের গহনা নির্বাচন করুন!
নাজ জুয়েলার্স – মান ও সৌন্দর্যের প্রতিশ্রুতি
প্রোপাইটার: হাজি মোঃ জাহিদুল আলম
মোবাইল: ০১৯২৩-৮৬২৮৬৯ | ০১৭১৮-৫৬০৩৬৮



রবিউল ইসলাম মেমোরিয়াল হাসপাতাল
গাংনী হাসপাতাল বাজার, গাংনী, মেহেরপুর।
মোবাইল ০১৭৬৬-৪৮৭৪০৯, ০১৭৬৮-৩৭৭১৯১, ৭৪০-৩৮৮৭৮৯
যে সকল ডাক্তারগণ নিয়মিত সেবা প্রদান করছেন :

ডা: মোসা: নুরুন্নাহার বেগম
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
গাইনী ও প্রসূতি চিকিৎসক ও সার্জন
কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখেন প্রতি শনিবার দুপুর ১টা - সন্ধ্যা

ডাঃ ইসরাত জেরিন ইভা
এম. বি. বি. এস. পি. জি. টি (গাইনী অ্যান্ড অবস) , সি. এম. ইউ (আল্ট্রা) গাইনী প্রসুতি মেডিসিন রোগের চিকিৎস, ( আবাসিক মেডিকেল অফিসার)
রোগী দেখেন : প্রতিদিন সকাল ১০ টা -৫ টা ।

ডা: নাজনীন সুলতানা কনা
এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), ডিএমইউ, এ্যানেস্থেসিয়াতে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত, ডিগ্রি: ডিজিও ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। গাইনী ও প্রসূতি বিশেষজ্ঞ।
রোগী দেখেন প্রতি শনিবার দুপুর ১টা থেকে সন্ধ্যা

ডা: আবু সালেহ মোঃ ইমরান
এমবিবিএস, ডিএমইউ (আল্ট্রা), পিজিটি সার্জারি, ডায়াবেটিস ও নিউরো মেডিসিনে বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত এইচএমও, অ্যানেস্থেসিয়া বিভাগ, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
যোগাযোগ সাপেক্ষে, অপারেশন করেন

ডা: অমিত কুমার বিশ্বাস
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), ডি-অর্থো
স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড হাসপাতাল) হাঁড়জোড়া, বাতব্যথা, বাতজ্বর, শিরা রোগ, ঘাড় ও মাজা ব্যথা বিশেষজ্ঞ সার্জন
রোগী দেখেন প্রতি বৃহস্পতিবার সকাল ১০টা -৩টা

ডাঃ বি ডি দাস (পিকলু)
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), সিএমইউ (আল্ট্রাসনো) গাইনী, প্রসূতী ও সার্জারী রোগ বিশেষজ্ঞ
রোগী দেখেন প্রতি শনিবার দুপুর ১টা - সন্ধ্যা
রোগী দেখেন প্রতিনদন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা

ডা: মো: আব্দুল আল মারুফ
এমবিবিএস (রাজশাহী মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (শিশু)-শেষ পর্ব, এমএস (শিশু সার্জারি) কোর্স, বিএসএসএমএমইউ, সিসিডি (ডায়াবেটিস: বারডেম) পিজিপিএন (শিশু পুষ্টি, বোসটন ইউনিভার্সিটি, আমেরিকা) সহকারি রেজিস্ট্রার (শিশু), কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
রোগী দেখেন প্রতিদিন বেলা ২:৩০ থেকে সন্ধ্যা ৭টা

পুষ্টিবিদ: তরিকুল ইসলাম
বিপিএইচ (নিউট্রিশন), এমপিএইচ (নিউট্রিশন) সিএমইউ , ডিএমইউ (আল্ট্রা), ডিপ্লোমা ইন মেডিকেল ফ্যাকাল্টি, রেজি: নং ডি-৭০৮১ (বিএমডিসি)
রোগী দেখার সময়ঃ প্রতিদিন

আমাদের সেবাসুমহ : বিষেষজ্ঞ চিকিৎসকের পরামর্শ, কম্পিউটারাইজড প্যাথলজী, ডিজিটাল আলট্রাসনোগ্রাফী,হরমোন পরীক্ষা, ইসিজি এক্স-রে ও স্বল্প খরছে অপারেশন করা হয় ২৪ ঘন্টা অ্যাম্বুলেন্স সার্ভিস.২৪ ঘন্টা সকল ধরনের অপারেশন করা হয়।



নিউ এভারকেয়ার নাসিং হোম
চক্রপাড়া মোড়, হুদা হেলথ কেয়ারের ২য় তলা
ওয়াবদা রোড, মেহেরপুর
NEW EVERCARE NURSING HOME
**হট লাইন:** ০১৭৬৩-৬৪৬৬০৩
**ব্যবস্থাপনা পরিচালক:** ০১৭৪৩-৯০৪৩৩৬
**ম্যানেজার (শিমুল):** ০১৩০৪-১৫৬০৮৮৮
**রিসেপশন:** ০১৩০৪-১৫৬০৮৮৮
বিশেষজ্ঞ ডাক্তারবৃন্দ
ডা. সুরাইয়া মারমিন (পুস্প)
এম.বি.বি.এস (ডিএমসি), বি.সি.এস (স্বাস্থ্য) এফ.সি.পি.এস (গাইনী ও অবস), ডি আল্ট্রা প্রসূতি ও নারী রোগ বিশেষজ্ঞ ও সার্জন।
ডা. মোঃ ফজলুর রহমান
এম.বি.বি.এস (স্বাস্থ্য), এম.এস জেনারেল (সার্জারী) , কনসালট্যান্ট (সার্জারী), ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. পারভীন আখতার
জুনিয়ার কনসালট্যান্ট (গাইনী ও অবস) উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা ।
ডা. মোঃ সউদ কবীর
এম.বি.বি.এস, বি.সি.এস (স্বাস্থ্য), ডি-অর্থ (এফপি) ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
ডা. অলোক কুমার দাস
এম.ডি (নোরেল মেডিসিন), রাশিয়া , এম.পি.এইচ (বিডি), বিসিএস (স্বাস্থ্য), এমও বিটি . ২৫০ শয্যা জেনারেল হাসপাতাল, মেহেরপুর ।
**আমাদের সেবাসমূহ**
প্রাইভেট ও সাধারণ রোগী সেবা . প্রসূতি ও নারী স্বাস্থ্য ,
সার্জারি ও সাধারণ চিকিৎসা উন্নত ও বন্ধুত্বপূর্ণ পরিবেশ



নিউ মনা জুয়েলার্স
অলংকার জগতের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
সাউদিয়া টাওয়ার, কাঁশারী বাজার, মেহেরপুর।



আধুনিক ডিজাইনের
স্বর্ণ, রূপা ও হীরার গহনা।
বিশুদ্ধতা ও গুণগত মানে
আপসহীন ও অপ্রতিদ্বন্দ্বি
আস্থার সাথে অলংকার
কেনা- বেচার নির্ভরযোগ্য ঠিকানা
প্রোপাইটার : হামিদুল ইসলাম
পরিচালনায় : মোস্তাফিজুর রহমান মনা
যোগাযোগ : ০১৭১৬-৫৭০৮৯৩, ০১৯১৯-৫৭০৮৯৩



বিসমিল্লাহ্ ফামেসী
প্রোঃ মোঃ আমিনুল ইসলাম সেন্টু



সকল প্রকার দেশ-বিদেশী
ঔষধ সুলভ মূল্যে খুচরা
ও পাইকারী বিক্রেতা
ট্রাফিক মোড় হোটেলবাজার,মেহেরপুর
মোবাইল : ০১৭১৮-৪৩৩৩৮৬



ত্রয়ী স্টোর এন্ড বুটিকস
স্টাইলে থাকুন, ট্র্যাডিশনে ফিরুন!
শাড়ি হোক বা সালোয়ার কামিজ, ওয়েস্টার্ন টপ হোক কিংবা হ্যান্ডলুম কুর্তি–
ত্রয়ী তে পাওয়া যায় ট্র্যাডিশন আর ট্রেন্ডের এক অনন্য মিশেল!
এক্সক্লুসিভ বুটিক পোশাক
হাতে তৈরি দেশি জামাকাপড়
দেশি-বিদেশী কসমেটিকস
কুকারিজ আইটেম
ইউনিক গিফট আইটেম
কাস্টম ডিজাইন ও অর্ডার সুবিধা



ফ্যাশনের সাথে আপনিও বদলান, নিজের মতন স্টাইলে
কেএন সুপার মার্কেট, প্রধান সড়ক, বড়বাজার, মেহেরপুর
মোবাইল: ০১৭১৪-৫২০০৬৭ / ০১৯১৯৬০৩৭৯৫



রাবেয়া মেডিকেল সার্ভিসেস
(কমপ্লিট মেডিকেল সলিউশন অন জেনারেল হাসপাতাল গেট, মেহেরপুর।
আমাদের সেবা সমূহ ইসিজি (ECG) , সেরোলজি,কাসকপি, ক্লোনসকপি.ক্লিনিক্যাল প্যাথলজি.বিশেষজ্ঞ ডাক্তার চেম্বার,ডিজিটাল আল্ট্রাসনোগ্রাফি,সর্বাধুনিক ডিজিটাল এক্স-রে,হেমাটোলজি (সেল কাউন্টার ৫ পার্ট),বায়োকেমিস্ট্রি (অটো অ্যানালাইজড),হরমোন অ্যানালাইসিস (অটো অ্যানালাইজড), ইলেক্ট্রোলাইটস (অটো অ্যানালাইজড), ইকো-কার্ডিওগ্রাফি ( 4D & 2D)
সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন: 01754974466, 01724-787313
মার্কেটিং অফিসার: 01304-100307, 01304-100308

ডা. মোঃ আলাউদ্দিন আল-আজাদ
অর্থোপেডিক সার্জারি, এমবিবিএস, ডি-অর্থো (সার্জারি), প্রাক্তন সার্জন, পঙ্গু হাসপাতাল ঢাকা
শনি–বৃহস্পতিবার, বিকেল ৪টা–সন্ধ্যা ৬.৩০

সহকারী অধ্যাপক ডা. বিপুল কুমার
গাইনী ও প্রসূতি: এমবিবিএস, ডিজিও, এফসিপিএস (গাইনী ও অবস) প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–দুপুর ২টা

ডা. মোঃ ইয়ানুর হোসেন
মেডিসিন ও কার্ডিওলজি,এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (মেডিসিন), এমডি (কার্ডিওলজি), কনসালটেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা

ডাঃ মোঃ আবুল কাশেম
ইএনটি (কান, নাক ও গলা)এমবিবিএস (ঢাকা), বিসিএস (স্বাস্থ্য), এফসিপিএস (ইএনটি), ফেলোশিপ ইন মাইক্রো ইয়ার সার্জারি (চেন্নাই, ইন্ডিয়া) বৃহস্পতিবার বিকেল ৩টা–রাত ৮টা, শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা

সহকারী অধ্যাপক
ডাঃ মোঃ মাহবুবুল আলম (বিপ্লব)
চক্ষু বিশেষজ্ঞম,,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (চক্ষু) শুক্রবার সকাল ১০টা–দুপুর ১টা

ডাঃ মোঃ রোকনুজ্জামান
চর্ম ও যৌন রোগ,এমবিবিএস, এফসিপিএস শেষ পর্ব (স্কিন এন্ড ভিডি), সিসিজিপি (ডিএমসি) বৃহস্পতিবার সকাল ৮টা–১১টা

সহকারী অধ্যাপক ডাঃ মোঃ এমরানুল ইসলাম (আবির)
শিশু সার্জারি,এমবিবিএস (ডিএমসি), এমএস (শিশু সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ,। প্রতিদিন বিকেল ৪টা–রাত ৮টা শুক্রবার সকাল ৮টা–রাত ৮টা

ডাঃ মাহবুবা তাজমিলা
শিশু বিশেষজ্ঞ,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (শিশু) শনিবার ও মঙ্গলবার দুপুর ২.৩০–বিকেল ৫টা।

ডা. এম এম কবির শাওন
এ্যাজমা ও আল্ট্রাসাউন্ড,এমবিবিএস, ডিএলপি (এ্যাজমা), ডিএমইউ (আল্ট্রাসাউন্ড) প্রতিদিন সকাল ১০টা–দুপুর ২টা, বিকেল ৪টা–রাত ৮টা.

ডা. মেহেদী হাসান জনি
ইউরোলজি,এমবিবিএস (ঢাকা), এমএস (ইউরোলজি), কুষ্টিয়া মেডিকেল কলেজ।
শুক্রবার সকাল ৯টা–দুপুর ১টা

সহকারী অধ্যাপক
ডা. মোঃ আরিফুল ইসলাম
সার্জারি ও ল্যাপারোস্কপি,এমবিবিএস (ঢাকা), এফসিপিএস (সার্জারি), কুষ্টিয়া মেডিকেল কলেজ
মাসের প্রথম সোমবার দুপুর ২টা–বিকাল ৫টা

ডা. মোঃ সফিউল আলম
জেনারেল ও ল্যাপারোস্কপিক সার্জারি,এমবিবিএস, এফসিপিএস (সার্জারি), সহকারী অধ্যাপক, আর্মি মেডিকেল কলেজ, যশোর। শুক্রবার সকাল ৯টা–বিকেল ৫টা



আল হায়াত
ডায়াগনস্টিক সেন্টার
চক্রপাড়া মোড়, হাসপাতাল রোড, মেহেরপুর।।
সিরিয়াল: ০১৭২২-৭৭৯৫৫০, ০১৭৫৫-৭০৬৪৬৪

ডাঃ আসাদুল্লাহ-আল-গালবি
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস- মেডিসিন (ফাইনাল পার্ট)
মেডিসিন,ডায়াবেটিস, উচ্চরক্তচাপ, হাপানি, কোমর ব্যথা ও বাত ব্যথা বিষয়ে অভিজ্ঞ মেডিকেল অফিসার : রাজশাহী মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৪টা

ডাঃএম. এম. জাহিদুল ইসলাম
উচ্চ রক্তচাপ, বাতব্যাথা, কোমর ব্যাথা, বাতজ্বর ,হাড় ব্যাথা, হাঁপানি. ডায়াবেটিক ঘা এবং না শুকানো ক্ষত ও পি আর পি চিকিৎসক।
রোগী দেখেন : শনি থেকে বুধবার দুপুর ২টা থেকে সন্ধ্যা ৬টা

ডাঃ আব্দুল্লাহ আল রশিদ
চর্ম ও যৌন রোগে অভিজ্ঞ
এমবিবিএস (শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ), বিসিএস (স্বাস্থ্য) সিসিডি (বারডেম), সিএমইউ (আল্ট্রা) সহকারী রেজিস্টার, চর্ম ও যৌন বিভাগ কুষ্টিয়া মেডিকেল কলেজ।
রোগী দেখেন : প্রতি সোমবার দুপুর ২.৩০ টা থেকে বিকাল ৫ টা

ডাঃ সাজিয়া আফরিন
গাইনী, প্রসুতি, স্ত্রী রোগের চিকিৎসক ও সার্জন
এমবিবিএস (ডিইউ) সিসিডি (বারডেম) ডিএমইউ (সনোলজি) ডিজিও (কোর্স-গাইনী এন্ড অবস্) গাইনী(স্ত্রী রোগ) ও প্রসুতি বিদ্যা চিকিৎসক এবং সার্জন
রোগী দেখেন : প্রতি বৃহস্পতিবার বিকাল ৫ টা থেকে রাত ৮ টা পর্যন্ত,
প্রতি শুক্রবার সকাল ১০ টা থেকে রাত ৮ টা পর্যন্ত



নিউ স্কায়ার ল্যাব
ওয়াবদা মোড়, হাসপাতাল রোড,মেহেরপুর।
সিরিয়ালের জন্য মোবাইল নম্বর : ০১৮৫৮-৯৫৬৯৩৩

ডাঃ মোঃ মাহাফুজুল হক সরকার
মেডিসিন, নিউরো,বক্ষব্যাধি,ডায়াবেটিস,গ্যাস্টলিভার,ব্যাতব্যাথা ও মনোরোগ চিকিৎসক
এমবিবিএস(আরইউ),ডিএফএম(বিসিএমইউ),এফসিপিএস পার্ট- ১, পিজিটি(মেডিসিন), সিসিডি(বারডেম),
রুগী দেখেন : প্রতি শুক্রবার সকাল ৯ টা হইতে সন্ধ্যা ৬ টা পর্যন্ত

ডাঃ মোঃ রবিউল ইসলাম আবির
মেডিসিন, হৃদরোগ, উচ্চ রক্ত চাপ,ব্যাত ব্যাথা, ডায়াবেটিস,লিভার ও জন্ডিস রোগ চিকিৎসক
এমবিবিএস(ঢাকা) সিসিড বারডেম, সিএমইউ(আল্ট্রা)
রুগী দেখেন :প্রতিদিন সকাল ১০ টা হইতে দুপুর ২টা, বিকাল ৩ ট হতে রাত্রী ৮ টা।

ডাঃ তাসমেরী নাহার
স্ত্রী, প্রসূতি ও গাইনী রোগ চিকিৎসক , এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য)
রুগী দেখেন : প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

ডাঃ মোঃ মঞ্জুরুল হাসান
মেডিসিন, বাত ব্যথা, মাথা ব্যাথা, বক্ষব্যাধি, হাত-পা জ্বালাপোড়া, চর্ম ও যৌন রোগের চিকিৎসক
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য), মেডিকেল অফিসার
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

ডাঃ ফরহাদ পারভেজ
মেডিসিন, বাতজ¦র,উচ্চ রক্তচাপ, ব্যাত ব্যাথা রোগের চিকিৎসক
নি:সন্তান, বন্ধ্যাত্ব,গর্ভকালীন বিভিন্ন সমস্যা, শিশু ও গাইনী রোগের চিকিৎসক
রুগী দেখেন: প্রতিদিন বিকাল ৩ টা হইতে রাত্রী ৮ টা।

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, সোমবার, ২২ সেপ্টেম্বর ২০২৫ ইং

## সীমান্তে অব্যবস্থাপনা ও দায়সারা মনোভাব

মেহেরপুর সীমান্তে পতাকা বৈঠকের মাধ্যমে ১৮ বাংলাদেশি নাগরিককে ফেরত দেওয়া নিঃসন্দেহে মানবিক উদ্যোগ। কিন্তু প্রশ্ন জাগে এ ধরনের ঘটনা বারবার ঘটছে কেন? কেন সীমান্তে এখনো কার্যকর নজরদারি ও প্রতিরোধ ব্যবস্থা গড়ে উঠল না? বছরের পর বছর ধরে অসংখ্য মানুষ কাজের খোঁজে বা দালালের প্রলোভনে সীমান্ত অতিক্রম করে ভারতে গিয়ে আটক হচ্ছেন। তাঁরা মানবেতর জীবন কাটাচ্ছেন বিদেশি কারাগারে, আর দেশে তাঁদের পরিবার ভেঙে পড়ছে। অথচ প্রতিবার পতাকা বৈঠক, ফেরত পাঠানোএই দায়সারা প্রক্রিয়ার মধ্যেই সীমান্ত ব্যবস্থাপনা সীমাবদ্ধ। এর মধ্য দিয়ে সরকারের ব্যর্থতাই প্রকটভাবে ফুটে ওঠে। এখন সময় এসেছে সীমান্ত নিরাপত্তায় কঠোরতা বাড়ানোর, দালালচক্র ভেঙে দেওয়ার এবং সীমান্তবর্তী এলাকায় প্রকৃত কর্মসংস্থানের ব্যবস্থা করার। না হলে বারবার বাংলাদেশিদের গ্রেপ্তার, সাজা ও ফেরত আসার অপমানজনক চক্র চলতেই থাকবে। দুই দেশের সীমান্তরক্ষী বাহিনীর সহযোগিতা অবশ্যই প্রয়োজন, কিন্তু তার চেয়েও জরুরি হলোড়নিজ দেশের মানুষকে অবৈধভাবে সীমান্ত পার হওয়ার মতো পরিস্থিতিতে ঠেলে না দেওয়া। রাষ্ট্রের দায়িত্ব এড়ানোর কোনো সুযোগ নেই। সীমান্তে শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করা এখন সময়ের দাবি।

লাবীবা আরজুমান্দ

# মেহেরপুর থেকে বিশ্বজয়ী নাজমুল আরেফিন



সুযোগ যেখানে সীমিত, সেখান থেকেও জন্ম নিতে পারে বড় স্বপ্নের যার জীবন্ত উদাহরণ নাজমুল আরেফিন। মেহেরপুরে জন্ম ও বেড়ে ওঠা এই তরুণ আজ কানাডার আলবার্টা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানের পিএইচডি গবেষক। যেখান থেকে তিনি প্রথম বাংলাদেশি হিসেবে অর্জন করেছেন বিশ্বের অন্যতম মর্যাদাপূর্ণ কিলাম মেমোরিয়াল স্কলারশিপ, যা শুধু কানাডা নয়, গোটা বিশ্বের উচ্চশিক্ষাক্ষেত্রে সবচেয়ে মর্যাদাপূর্ণ পুরস্কারগুলোর একটি। তবে নাজমুলের এই সাফল্য আরও নজরকাড়া হয়েছে কারণ তিনি বিজ্ঞান ও প্রযুক্তি নয়, সমাজবিজ্ঞানে উচ্চশিক্ষার মাধ্যমে বিশ্বমঞ্চে পৌঁছেছেন। বাংলাদেশে সাধারণত শিক্ষার্থীদের পরিবার ও সমাজ আশা করে তারা প্রকৌশল, চিকিৎসা বা প্রযুক্তি-সংক্রান্ত পড়াশোনা করবে। বিজ্ঞানের এসব ক্ষেত্রে সফলতার গল্প শিরোনামে আসে, স্বীকৃতি মেলে রাষ্ট্র ও সমাজের কাছ থেকেও। অপরদিকে সমাজবিজ্ঞান বা মানবিক বিদ্যাকে অনেক সময় গুরুত্বহীন, অপ্রয়োজনীয় কিংবা "চাকরির বাজারে অকার্যকর" হিসেবে দেখা হয়। এমন একটি প্রেক্ষাপটে সমাজবিজ্ঞানের ছাত্র হয়ে বিশ্বমানের গবেষক হওয়া সত্যিই এক ব্যতিক্রমী দৃষ্টান্ত। নাজমুল প্রমাণ করেছেন যে সামাজিক বাস্তবতা, বৈষম্য, ধর্মীয় বিদ্বেষ ও ঘৃণাজনিত অপরাধ নিয়ে কাজ করেও বিশ্বকে বদলে দেওয়া যায়। মেহেরপুরের বিএম প্রাইমারি স্কুল থেকে তাঁর শিক্ষাজীবন শুরু। এরপর পড়াশোনা করেছেন মেহেরপুর গভর্নমেন্ট হাই স্কুলে এবং মেহেরপুর পৌর কলেজে। পরবর্তীতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাজবিজ্ঞানে পড়াশোনার সুযোগ পান, যেখানে থেকে শুরু হয় তাঁর একাডেমিক স্বপ্নের প্রকৃত বিকাশ। যদিও শুরুতে তাকে পার করতে হয়েছে নানা বাধার মধ্যে দিয়ে। পরিবারের আর্থিক অনটন, পড়াশোনার খরচ জোগাতে প্রাইভেট পড়ানো, বিশ্ববিদ্যালয়ে গড়পড়তা সিজিপিএএসব তাঁর জন্য বড় চ্যালেঞ্জ ছিল। কিন্তু নাজমুল হাল ছাড়েননি। তিনি দেখিয়েছেন যে অধ্যবসায়, গবেষণার প্রতি আগ্রহ আর ভিন্নভাবে ভাবার মানসিকতা থাকলেই বিশ্বমানের একাডেমিক আসনে পৌঁছানো সম্ভব। আজ তাঁর গবেষণার মূল বিষয় ইসলামোফোবিয়া, ঘৃণাজনিত অপরাধ এবং মুসলিম তরুণদের অভিজ্ঞতা। পশ্চিমা সমাজে ক্রমবর্ধমান বিদ্বেষ ও সন্ত্রাসবাদবিরোধী নীতির সামাজিক প্রভাব তিনি এক পূর্বদেশীয় দৃষ্টিকোণ থেকে ব্যাখ্যা করছেন। এই সাহসী ও সমসাময়িক গবেষণার জন্যই তিনি আন্তর্জাতিকভাবে নজর কেড়েছেন। নাজমুলের গল্প কেবল ব্যক্তিগত সাফল্যের কাহিনি নয়। এটি এক নিদর্শনশিক্ষার মানদণ্ড বিজ্ঞানের নির্দিষ্ট খাতেই সীমাবদ্ধ নয়। সমাজকেও বোঝা, বিশ্লেষণ করা ও পরিবর্তন করাই এক বড় ধরনের বিজ্ঞান। তিনি প্রমাণ করেছেন, সমাজবিজ্ঞানও বিশ্বকে পরিবর্তন করার শক্তি রাখে। যে বিষয়কে আমরা প্রায়ই অবহেলা করি, সেই বিষয় দিয়েই একজন তরুণ বিশ্বমানের গবেষক হিসেবে বাংলাদেশকে নতুন উচ্চতায় পৌঁছে দিয়েছেন। (বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস (বিইউপি), ঢাকা)

# গরিব বলে কাউকে অবজ্ঞা করা যাবে না

মুহাম্মদ আল আমিন

বিবাহিত জীবনে অনেক নারীই প্রায়শই শ্বশুরবাড়ি থেকে বাবার বাড়িতে বেড়াতে যান। তখন তাদের মনে প্রশ্ন জাগে এ সময় কি তাঁরা মুসাফির হিসেবে নামাজ পড়বেন, নাকি মুকিমের মতো পূর্ণ নামাজ আদায় করবেন? ইসলামী ফিকহ এ বিষয়ে স্পষ্ট দিকনির্দেশনা দিয়েছে। প্রথমেই বুঝতে হবে স্থায়ী নিবাস কাকে বলে। বিবাহিত নারীর স্থায়ী নিবাস মূলত স্বামীর বাড়ি বা যেখানে স্বামী বসবাস করেন। ফলে বিয়ের পর স্ত্রীর স্থায়ী বাসস্থান হয়ে যায় স্বামীর গৃহ। তবে যদি কোনো নারী বাবার বাড়িকে নিজের স্থায়ী নিবাস হিসেবেও গ্রহণ করেন, তাহলে সেখানে তিনি মুকিম হিসেবে গণ্য হবেন। কিন্তু বাবার বাড়িকে যদি স্থায়ী নিবাস না ভেবে কেবল বেড়ানোর জায়গা মনে করেন এবং সেখানে ১৫ দিনের কম অবস্থান করেন, আর শ্বশুরবাড়ি ও বাবার বাড়ির দূরত্ব যদি সফরের পরিমাণে হয় (প্রায় ৭৮ কিলোমিটার বা তার বেশি), তবে তিনি সেখানে মুসাফির হবেন। এই পরিস্থিতিতে ফরজ নামাজের বিধান পরিবর্তিত হবে। যোহর, আসর ও ইশার চার রাকাআত ফরজ নামাজ তিনি দুই রাকাআত করে পড়বেন। তবে স্থানীয় ইমামের পেছনে জামাতে নামাজ পড়লে তাঁকে পূর্ণ চার রাকাআতই আদায় করতে হবে। আর ইমাম যদি মুসাফির হন, তবে তাঁর সঙ্গে মিলিয়ে নামাজ শেষ করবেন। কিন্তু একা পড়লে অবশ্যই কসর করতে হবে। হজরত আয়েশা (রা.) বর্ণনা করেন আদি অবস্থায় মুকিম ও মুসাফির উভয়ের নামাজ ছিল দুই রাকাআত। পরে মুকিমদের নামাজে বৃদ্ধি করা হয়, আর সফরের নামাজ পূর্বের মতো দুই রাকাআতেই রাখা হয়। (বুখারি: ১০৪০, মুসলিম: ৬৮৫) কাজেই মূল বিষয়টি হলো নারী যদি বাবার বাড়িতে অবস্থানকালে সেটিকে নিজের স্থায়ী নিবাস হিসেবে মনে করেন, তবে পূর্ণ নামাজ আদায় করবেন। আর যদি অতিথি বা মেহমান হিসেবে থাকেন, তবে সফরের নিয়ম মেনে কসর করবেন।

## মোস্তাকের স্বাদ-বৈচিত্রে ভিড়ই ভিড়

(প্রথম পৃষ্টার পর)

স্থানীয়রা জানান, মোস্তাকের পান খেতে গেলে এখন সিরিয়াল নিতে হয়। তার পানগুলো শুধু স্বাদে নয়, নামেও ভিন্ন। আগুন পান, স্পেশাল পান, চকোলেট পান, আইস পানড়নানা স্বাদের মসলার এই পানগুলোর জন্য ক্রেতারা মুগ্ধ হয়ে ফিরছেন প্রতিদিন। মোস্তাকের দোকান একধরনের সামাজিক মেলবন্ধনও বটে; এখানে মানুষ শুধু পান খেতে আসে না, অন্যদের সঙ্গে গল্পও হয়। মোস্তাক শুধু পান বিক্রি করেই মাসে আয় করেন কয়েক লাখ টাকা। সময়ের সঙ্গে সঙ্গে তিনি পান বানাতে এনেছেন নানা বৈচিত্র, যা ক্রেতাদের আকর্ষণীয় করে তোলে। এছাড়া বিস্কুট, বিভিন্ন মুখরোচক খাবারও বিক্রি করেন। স্থানীয়দের ভাষ্য, "মোস্তাকের পান খেতে একবার গেলে বারবার আসতে ইচ্ছে হয়। স্বাদ, বৈচিত্র আর ভিড় সবকিছু মিলিয়ে এটি একটি অভিজ্ঞতা।" মোস্তাকের মতো দোকান শুধু ব্যবসার জায়গা নয়, এটি মেহেরপুর শহরের একটি সাংস্কৃতিক প্রতীকও বটে। প্রতিদিন এখানে ভিড়ের আড্ডা, নানা বয়সী মানুষের সমাগম এবং পান বিক্রির বৈচিত্র্য যেন শহরের প্রাণকেন্দ্রে এক আলাদা ছাপ রেখে যায়।

## স্বাস্থ্যঝুঁকিতে মেহেরপুরের ছোটরা

(প্রথম পৃষ্টার পর)

অধিকার সংরক্ষণ অধিদপ্তরের তথ্য অনুযায়ী, গ্রামীণ এলাকার অলিগলিতে ছোট দোকানগুলোতে এসব পণ্য সহজেই পাওয়া যায়। বিশেষ করে প্রাথমিক বিদ্যালয় এলাকায় বিক্রি বেশি। সরেজমিনে দেখা গেছে, মুজিবনগর উপজেলার কেদারগঞ্জ বাজার, সদর উপজেলার আমঝুপি, বারাদি, শিবপুর, উজলপুর, কুতুবপুর, গাংনী পৌরশহর ও নওয়াপাড়া বাজারে ছোট মুদিখানা ও পানবিড়ির দোকানগুলোতে সাজানো রয়েছে রঙিন ও বাহারি শিশুখাদ্য। স্কুলে যাওয়া বা ফেরার পথে শিশুরা এগুলো কিনে খাচ্ছে। সম্প্রতি ভোক্তা অধিকারের অভিযানে মুদিখানা, ডিপার্টমেন্টাল স্টোর ও হোটেলসহ কয়েকটি প্রতিষ্ঠান তদারকির আওতায় এসেছে। মেহেরপুর ,মুজিবনগর ও গাংনী বাজারের কয়েকটি দোকানে মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রির অভিযোগে জরিমানা করা হয়েছে। তারপর থামছেনা ভোজাল পণ্যবিক্রি মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সভাপতি মোহাম্মদ মনিরুজ্জামান দিপু বলেন,

"কম দামের জিনিসের ৯০ শতাংশ গ্রাহক শিশুরা। তাই তাদের আকর্ষণ করতে রঙিন ও মিষ্টি খাদ্য বাজারজাত করা হয়। কঠোর মনিটরিং করা হলে এসব ভেজাল প্রতিরোধ করা সম্ভব।" ডাঃ সজিবুল হক বলেন,"শুধুমাত্র ভ্রাম্যমাণ আদালত বসিয়ে জরিমানা দিয়ে শিশুখাদ্যে ভেজাল প্রতিরোধ করা সম্ভব নয়। অভিভাবক এবং সমাজকে আরও সচেতন হতে হবে। ভেজাল খাবারের ক্ষতিকর প্রভাব সম্পর্কে ব্যাপক প্রচারণা প্রয়োজন।ভোক্তা অধিকার সংরক্ষণের সহকারি পরিচালক জানান, "প্রতিটি এলাকায় নিয়মিত অভিযান পরিচালনা হয়। তবে উৎপাদনকারি প্রতিষ্ঠানগুলোকে খুঁজে বের করে আইনের আওতায় আনতে হবে, তা না হলে বাজারে ভেজাল শিশু খাদ্য থাকবে।"

## মেহেরপুরে জেলা প্রশাসকের নেতৃত্বে

(প্রথম পৃষ্টার পর)

সদর থেকে মুজিবনগর পর্যন্ত কর্মকর্তারা অংশগ্রহণ করেন

অধ্যক্ষ প্রফেসর ড. নজরুল কবীর, অতিরিক্ত জেলা প্রশাসক তারিকুল ইসলাম, জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সামিউল হক, সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ, এলজিআইডির নির্বাহী প্রকৌশলী সাখাওয়াত হোসেন, গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস.এম. রফিকুল হাসান, মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে সুপার ডা.সাহারিয়া শায়লা জাহান, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ সামসুল আলম, সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ প্রফেসর মুহাঃ আবদুল্লাহ আল আমিন, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মোঃ আনোয়ার হোসেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল, ভারপ্রাপ্ত জেলা শিক্ষা অফিসার আব্দুর রহিম, ডা. রফিকুল ইসলাম, ইসলামিক ফাউণ্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মুনির,টিটিসি'র অধ্যক্ষ ড. মোঃ শামীম হোসেন,জোলা তথ্য অফিসার আব্দুল্লাহ আল মামুন, জেলা কমান্ডেন্ট কামরুজ্জামান,জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন,জেলা যুব উন্নয়নের অধিদপ্তরের উপ-পরিচালক হামিদুর রহমান, জেলা কৃষি বিপনন কর্মকর্তা তারিকুল ইসলাম, জেলা মৎস কর্মকর্তা সাধন সরকার,সড়ক ও জনপদ বিভাগের প্রকৌশলী মিজানুর রহমান, বন বিভাগের ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ টি হামিম,জেলা শিশু বিষয়ক কর্মকর্তা আয়োব হোসেন,উপানুষ্ঠানিক শিক্ষা বিভাগের কর্মকর্তা শুরুজুজামান, জেলা নিরাপদ খাদ্য কর্মকর্তা রিয়াজ মাহামুদ,পরিসংখ্যান কর্মকর্তা বশির উদ্দীনসহ সরকারি ও বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানবৃন্দ, জেলার বিভিন্ন বিভাগীয় কর্মকর্তা ।সভাগুলোতে জেলার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প, পরিকল্পনা ও কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা করা হয়। জেলা প্রশাসক ড. আবদুল ছালাম সংশ্লিষ্ট কমিটিগুলোর কার্যক্রম নিয়মিত মূল্যায়নের গুরুত্বে গুরুত্বারোপ করেন এবং উন্নয়ন কর্মকাণ্ডকে আরও গতিশীল করার নির্দেশ দেন। উপজেলা থেকে জেলা পর্যায় পর্যন্ত কর্মকর্তাদের উপস্থিতি এবং সক্রিয় অংশগ্রহণে সভাগুলোটি ফলপ্রসূভাবে সম্পন্ন হয়। এই ধরণের কমিটির সভা জেলার সার্বিক উন্নয়ন কার্যক্রমে স্বচ্ছতা এবং কার্যকারিতা নিশ্চিত করতে সহায়ক হিসেবে কাজ করে।

## চুয়াডাঙ্গায় ধর্ষণ মামলায় যাবজ্জীবন

(প্রথম পৃষ্টার পর)

৭ সেপ্টেম্বর বিকেলে ওই স্কুলছাত্রী চুয়াডাঙ্গা সরকারি মহিলা কলেজ মোড় হয়ে বাড়ি ফিরছিলেন। এসময় খাইরুল ইসলাম বিয়ের মিথ্যা প্রলোভনে তাকে একটি ইজিবাইকে তুলে নেন। পরে রাত ১টার দিকে পৌর এলাকার সুমিরদিয়া গ্রামের একটি বাঁশবাগানে নিয়ে তাকে জোরপূর্বক ধর্ষণ করেন এবং কাউকে জানালে হত্যার হুমকি দেন। পরদিন ভুক্তভোগীর পিতা বাদী হয়ে চুয়াডাঙ্গা সদর থানায় মামলা করেন। সাক্ষ্যপ্রমাণ ও শুনানির পর আদালত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আসামির বিরুদ্ধে যাবজ্জীবন কারাদণ্ড ও ৫০ হাজার টাকা জরিমানা আদেশ দেন।

## নাহিদ ইসলাম

(প্রথম পৃষ্টার পর)

ইতোমধ্যেই যথেষ্ট তথ্য-প্রমাণ ট্রাইব্যুনালে এসেছে। শেখ হাসিনা দলীয় প্রধান হিসেবে ক্ষমতা ধরে রাখতে জনগণের বিরুদ্ধে হত্যার সিদ্ধান্ত নিয়েছিলেন। জনগণ প্রতিরোধ করে তাকে উৎখাত করেছে। তাই এটি শুধু ব্যক্তিগত নয়, রাজনৈতিক দল হিসেবেও আওয়ামী লীগের সংঘটিত অপরাধ।" ট্রাইব্যুনালের চেয়ারম্যান বিচারপতি গোলাম মর্তুজা মজুমদারের নেতৃত্বাধীন তিন সদস্যের বেঞ্চে এদিন ৪৭তম সাক্ষী হিসেবে সাক্ষ্য দেন নাহিদ ইসলাম। পরে তার জেরা সম্পন্ন হয়। মামলায় প্রসিকিউশনের পক্ষে শুনানি করেন চিফ প্রসিকিউটর মোহাম্মদ তাজুল ইসলাম, প্রসিকিউটর মিজানুল ইসলাম ও গাজী এস.এইচ. তামিম। অন্য প্রসিকিউটররাও উপস্থিত ছিলেন। অন্যদিকে পলাতক আসামি শেখ হাসিনা ও সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের পক্ষে ছিলেন রাষ্ট্রনিযুক্ত আইনজীবী আমির হোসেন। এ মামলায় গ্রেপ্তার হয়ে পরে রাজসাক্ষী হওয়া সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের পক্ষে আইনজীবী জায়েদ বিন আমজাদ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, গত ১০ জুলাই আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ মানবতাবিরোধী অপরাধ মামলায় শেখ হাসিনা, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল ও সাবেক আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুনের বিরুদ্ধে অভিযোগ গঠন করে বিচার শুরুর নির্দেশ দেয়। পরে রাজসাক্ষী হওয়ার আবেদন করলে আদালত চৌধুরী আবদুল্লাহ আল-মামুনকে অ্যাপ্রোভার হিসেবে গ্রহণ করে। এর বাইরে শেখ হাসিনার বিরুদ্ধে ট্রাইব্যুনালে আরও দুটি মামলা চলছেড় একটি গুম-খুনের অভিযোগে এবং অন্যটি রাজধানীর মতিঝিল শাপলা চত্বরে হেফাজতে ইসলামের সমাবেশে হত্যাকাণ্ডের ঘটনায়। গত জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলন দমনে আওয়ামী লীগ সরকার, এর দলীয় ক্যাডার, অনুগত প্রশাসন ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর একটি অংশ গণহত্যা ও মানবতাবিরোধী অপরাধ করেছে বলে অভিযোগ রয়েছে। বর্তমানে দুটি আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে এসব অভিযোগের বিচারকাজ চলছে।

## বিশ্বরেকর্ডের আরও কাছে মুস্তাফিজ

(প্রথম পৃষ্টার পর)

আন্তর্জাতিক স্টেডিয়ামে দুর্দান্ত বোলিং করে সেই রেকর্ডে ভাগ বসালেন মুস্তাফিজ। দলে অন্য পেসাররা যেখানে খরুচে ছিলেন, সেখানে চার ওভারে মাত্র ২০ রান দিয়ে ৩ উইকেট শিকার করেন তিনি। কুশল পেরেরাকে লিটন দাসের হাতে ক্যাচ করিয়ে শুরু করেন সাফল্যের পথচলা। এরপর কামিন্দু মেন্ডিসকেও একইভাবে লিটনের ক্যাচ বানান। শেষ বলে ওয়ানিন্দু হাসারাঙ্গাকে লং-অফে তানজিদ হাসানের হাতে ক্যাচ করিয়ে রেকর্ডের মঞ্চে পৌঁছে যান কাটার মাস্টার। এর মধ্য দিয়ে ১১৭ ম্যাচে ১৪৯ উইকেট সংগ্রহ করলেন মুস্তাফিজ, যা সাকিবের সমান। তবে বড় পার্থক্য হলোড়সাকিবকে একই সংখ্যক উইকেট নিতে খেলতে হয়েছে ১২৯ ম্যাচ। এবার মুস্তাফিজের সামনে লক্ষ্য বিশ্বরেকর্ড। আফগানিস্তানের রশিদ খান ১০৩ ম্যাচে নিয়েছেন ১৭৪ উইকেট। সেখান থেকে মাত্র ২৫ উইকেট দূরে আছেন বাঁহাতি এই পেসার। পথে তাকে পেছনে ফেলতে হবে ১৫০ উইকেটধারী ইশ সোধিকে। নিউজিল্যান্ডের টিম সাউদি ১৬৪ উইকেট নিয়ে তালিকার দুইয়ে থাকলেও অবসরে যাওয়ায় তার রেকর্ড ভাঙা সময়ের অপেক্ষা। শুধু তাই নয়, গত রাতের ৩ উইকেট নিয়ে এশিয়া কাপের সর্বোচ্চ উইকেট শিকারীর তালিকায়ও উঠে এসেছেন মুস্তাফিজ। এখন পর্যন্ত তার শিকার ৭ উইকেট, যা তালিকার তিন নম্বর অবস্থান। তার ওপরে আছেন ভারতের কুলদীপ যাদব (৮) এবং শীর্ষে আছেন সংযুক্ত আরব আমিরাতের জুনাইদ সিদ্দিকি (৯)। তবে জুনাইদের দল ইতিমধ্যে বিদায় নিয়েছে। ফলে শীর্ষ উইকেট শিকারীর লড়াইটা গড়ে উঠতে পারে মুস্তাফিজ আর কুলদীপের মধ্যে।

## মরদেহ আটকে সুদের টাকা আদায়

(প্রথম পৃষ্টার পর)

মহাজনপুরে মেয়ের বাড়িতে বেড়াতে যান। রবিবার সকালে স্ট্রোকে আক্রান্ত হয়ে মারা যান। মরদেহ গ্রামের বাড়িতে আনা হলে দাফনের প্রস্তুতি চলছিল। সেই সময় মর্জিনা খাতুন ১৫ হাজার টাকা দাবি করে, না দিলে লাশ দাফন করতে দেওয়া হবে না বলে হুমকি দেন। পরিবারের সদস্যরা বাধ্য হয়ে টাকা পরিশোধ করেন। নিহতের চাচাতো ভাই মতিনুর ইসলাম মানিক বলেন, "মূল টাকা হারুন জীবিত থাকতেই পরিশোধ করেছিলেন। মৃত মানুষের মরদেহ আটকে টাকা নেওয়া চরম লজ্জাজনক।" স্থানীয় ইউপি সদস্য আতিয়ার রহমানও এ ঘটনাকে ন্যাক্কারজনক ও সমাজের জন্য লজ্জার বিষয় হিসেবে উল্লেখ করেন। দামুড়হুদা মডেল থানা পুলিশ ঘটনার সত্যতা নিশ্চিত না হলেও অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দিয়েছেন। রোববার বাদ আছর জানাযার নামাজ শেষে মরদেহ কবরস্থানে দাফন করা হয়েছে।

## না ফেরার দেশে পাড়ি জমালেন

(প্রথম পৃষ্টার পর)

মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যুবরণ করেন। তিনি গাংনী উপজেলার মানিকদিয়া গ্রামের বাসিন্দা ছিলেন এবং দীর্ঘ দিন গাংনী সরকারি ডিগ্রী কলেজ পাড়ায় বসবাস করে আসছিলেন। রাজনৈতিক ও সামাজিক কর্মকাণ্ডে তার অবদান স্থানীয়ভাবে স্মরণীয়। জেলা ওয়ার্কাস পার্টির সভাপতির দায়িত্বে থাকাকালীন তিনি শ্রমিক ও সাধারণ জনগণের কল্যাণে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক কর্মকাণ্ডে সক্রিয় ভূমিকা রেখেছিলেন। স্থানীয় উন্নয়ন, শিক্ষা এবং শ্রমিকদের অধিকার সংরক্ষণে তার উদ্যোগ আজও সমাদৃত। জালাল উদ্দীনের মৃত্যুতে মেহেরপুর জেলা ওয়ার্কাস পার্টি, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাধারণ মানুষ শোক প্রকাশ করেছেন। জেলা আওয়ামী লীগ ও বিভিন্ন সামাজিক সংগঠনও তার অবদান স্মরণ করেছেন। মৃত্যুকালে তিনি স্ত্রী, সন্তানসহ অসংখ্য আত্মীয়-স্বজন ও রাজনৈতিক শুভানুধ্যায়ীদের মধ্যে শোকের ছায়া ফেলেছেন। রবিবার ষোলটাকা ইউনিয়নের মানিকদিয়া গ্রামের গোরস্থান ময়দানে জানাজা শেষে তাঁকে দাফন করা হয়। দীর্ঘ রাজনৈতিক জীবনে তিনি ইপিছিপি, পরে বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি এবং সর্বশেষ কমিউনিস্ট পার্টি অব বাংলাদেশ (সিপিবি)সহ বিভিন্ন দলের জেলা পর্যায়ে নেতৃত্ব দিয়েছেন। তিনি পরপর তিনবার সিপিবি মেহেরপুর জেলা কমিটির সভাপতির দায়িত্বও পালন করেছেন।

## ছেলেদের কাবাডিতে আমঝুপি

(প্রথম পৃষ্টার পর)

পাওয়া এই ফাইনাল ম্যাচ রবিবার দুপুরে গোভীপুর মাধ্যমিক বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। উপজেলা ফাইনালে আমঝুপি মাধ্যমিক বিদ্যালয় ৩টি লোনা সহ ৩২-৭ পয়েন্টে সাহেবপুর মাধ্যমিক বিদ্যালয়কে পরাজিত করে। প্রথমার্ধে আমঝুপি বিদ্যালয় একটি লোনা সহ ১৮-৪ পয়েন্টে এগিয়ে ছিল।

## কুষ্টিয়ায় সাত দিন নিখোঁজ হিসাবরক্ষক

(প্রথম পৃষ্টার পর)

হয়। এরপর থেকে তিনি নিখোঁজ। স্বজনরা আশঙ্কা করছেন, তিনি অপহরণের শিকার হতে পারেন।

নিখোঁজ হওয়ার পরপরই ১৬ সেপ্টেম্বর ভেড়ামারা থানায় জিডি (নং ৮৪৭) দায়ের করা হয়েছে। স্বজনরা অভিযোগ করেছেন, পুলিশ তদন্ত করছে বললেও এখনও পর্যন্ত তাদের কোনো সঠিক তথ্য জানানো হয়নি। ভেড়ামারা থানার এসআই নাজমুল হোসেন জানিয়েছেন, "আমরা সর্বোচ্চ চেষ্টা চালাচ্ছি। তদন্ত কাজ এগিয়ে চলছে। তবে এখন পর্যন্ত কোনো আশানুরূপ ক্লু পাওয়া যায়নি।" এ ঘটনায় এলাকাবাসী দ্রুত নিখোঁজ তালেবুর রহমানকে উদ্ধার করার জন্য পুলিশকে তৎপর থাকার আহ্বান জানিয়েছে।

## মেহেরপুরে প্রাইভেট হাসপাতাল

(প্রথম পৃষ্টার পর)

রাখেন সহ-সভাপতি বিধান চন্দ্র নাথ, উপদেষ্টা পরিষদের সদস্য ডা. জেপি আগরওয়ালা, সহ-সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, দপ্তর সম্পাদক আবু আক্তার করণ, সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেন, অর্থ সম্পাদক শিমুল বিশ্বাস, সহ-সেক্রেটারি শাহিনুর রহমান, নির্বাহী সদস্য মুকুল বাসার, জামরুল হুদা, ফারুক হোসেন, সাগর আহমেদ, রায়হানুল কবির ও রাশেদ হাসান প্রমুখ। সভায় দালালমুক্ত হাসপাতাল গড়ে তোলা, জেলা স্বাস্থ্য বিভাগকে সব ধরনের সহযোগিতা প্রদান, পরীক্ষার মান বজায় রাখা এবং রোগীদের সর্বোচ্চ সেবা প্রদানের বিষয়ে সদস্যদের পরামর্শ দেওয়া হয়।

## হ্যান্ডবল ফাইনালে ভৈরব মাধ্যমিক

(প্রথম পৃষ্টার পর)

প্রথমার্ধে মোমিনপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের সুবর্ণা একটি গোল করে দলকে এগিয়ে নেন। তবে দ্বিতীয়ার্ধে ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের পূর্ণিমা দুটি গোল করে দলের জয় নিশ্চিত করেন।খেলাটি ক্রীড়া প্রেমীদের মধ্যে যথেষ্ট উত্তেজনা সৃষ্টি করে। ভৈরব মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের জয় তাদের ফাইনাল খেলায় পৌঁছানোর স্বপ্নকে জীবন্ত করেছে।

## জাপা এখন আওয়ামী লীগের লেজ

(প্রথম পৃষ্টার পর)

সংগঠনের চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। মান্না বলেন, পিআর পদ্ধতিতে নির্বাচন বর্তমান প্রেক্ষাপটে বাস্তবসম্মত নয়। এ ধরনের নির্বাচনে জাতীয় পার্টির মাধ্যমে নৌকা আবার লাঙ্গলে ভর করে ফিরে আসার ঝুঁকি রয়েছে। তিনি উল্লেখ করেন, "বর্তমান প্রেক্ষাপটে জাতীয় পার্টি আওয়ামী লীগের লেজ নয়, মাথা।" ছাত্র সংসদ নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, এর কিছু প্রভাব জাতীয় নির্বাচনে পড়বে বটে, তবে তা ফলাফল পাল্টে দেওয়ার মতো নয়। জুলাই সনদকে ঘিরে রাজনৈতিক ঐকমত্যের একটি সিলভার লাইন তৈরি হয়েছে, যা বাস্তবায়িত হলে দেশের রাজনীতিতে ইতিবাচক পরিবর্তন আসবে। মান্না আশা প্রকাশ করেন, ছোট ছোট রাজনৈতিক দলের মধ্যে একীভূত হওয়ার যে সম্ভাবনা তৈরি হয়েছে, তা জাতীয় নির্বাচনে ইতিবাচক ভূমিকা রাখবে। তিনি বলেন, নাগরিক ঐক্য ও গণঅধিকার পরিষদ যদি যৌথভাবে কোনো সিদ্ধান্ত নেয়, তবে সেটি সমর্থনযোগ্য হবে। তবে জাতিসংঘ অধিবেশনে প্রধান উপদেষ্টার সফরসঙ্গীদের তালিকায় অনিবন্ধিত দলের সদস্য অন্তর্ভুক্তিকে তিনি সমর্থনযোগ্য মনে করেন না। সভাপতির বক্তব্যে হাসান আহমেদ চৌধুরী কিরণ বলেন, পতিত আওয়ামী লীগের অধিকাংশ নেতা গণহত্যার অভিযোগে অভিযুক্ত এবং তারা এখন গণধিকৃত। ফলে নির্বাচনে অংশ নিতে পারছেন না। তিনি আশা প্রকাশ করেন, রাজনৈতিক দলগুলো দায়িত্বশীল ভূমিকা নিলে ফেব্রুয়ারির নির্বাচন উৎসবমুখর পরিবেশে সর্বাধিক জনগণের অংশগ্রহণে অনুষ্ঠিত হবে। তিনি বলেন, "বিগত আওয়ামী সরকার দেশকে ব্যর্থ রাষ্ট্রে পরিণত করেছিল। এক ব্যক্তির শাসনে দেশ চলেছে, জনগণকে গোলাম বানিয়ে রাখা হয়েছিল। জুলাই অভ্যুত্থানের মাধ্যমে সেই ফ্যাসিস্ট শাসনের সমাপ্তি ঘটেছে।"

ছায়া সংসদ প্রতিযোগিতায় স্টেট ইউনিভার্সিটি অব বাংলাদেশের বিতার্কিকরা ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিকে পরাজিত করে জয়লাভ করে। প্রতিযোগিতায় বিচারক ছিলেন অধ্যাপক আবু মুহাম্মদ রইস, ড. তাজুল ইসলাম চৌধুরী তুহিন, সাংবাদিক সাইদুর রহমান, মাইদুর রহমান রুবেল ও জাকির হোসেন লিটন। শেষে বিজয়ীদের হাতে ট্রফি, ক্রেস্ট ও সনদ তুলে দেওয়া হয়।

## বিদ্যুৎস্পৃষ্টে নির্মাণ শ্রমিক আহত

(প্রথম পৃষ্টার পর)

দক্ষিণপাড়া মৃত খোকন এর ছেলে। দুর্ঘটনার পর স্থানীয়রা দ্রুত তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করেন। সেখানে কর্তব্যরত চিকিৎসক তার শারীরিক অবস্থা আশঙ্কাজনক দেখে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে রেফার্ড করেন।

## মুজিবনগরে আন্তর্জাতিক শান্তি দিবস

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠিত হয়। "এখনই পদক্ষেপ গ্রহণ করি, শান্তিময় বিশ্ব গড়ি" এ প্রতিপাদ্যকে সামনে রেখে আয়োজিত অনুষ্ঠানে স্থানীয় রাজনৈতিক, সামাজিক ও ধর্মীয় নেতা, তরুণসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। অনুষ্ঠানের সঞ্চালনা করেন পিএফজি সমন্বয়কারি মো. ওয়াজেদ আলি খান। অনুষ্ঠানে বক্তব্য রাখেন পিস অ্যাম্বাসেডর মো. আবুল খায়ের বাসার, ঝরনা খাতুন, মুনশী মোকাদ্দেস হোসেন, বীর মুক্তিযোদ্ধা মো. সাবদার আলি, সদস্য মো. আব্দুল লতিফ, মো. রেজাউল হক, মো. শফিকুল ইসলাম, রোকসানা খাতুন, হাফেজ মতিয়ার রহমান, প্রেসক্লাব সভাপতি মুনশী ওমর ফারুক, ওয়াইপিএজি সমন্বয়কারি মো. রিয়াজ শেখ ও সহ-সমন্বয়কারি নাদিম আনজুম বিন রেজা। বক্তারা বলেন, দুর্নীতি ও সহিংসতা দূর করতে রাজনৈতিক নেতাদের আরও সহনশীল হতে হবে এবং সুশীল সমাজের প্রতিনিধিদের সচেতনতা বাড়াতে হবে। শান্তি টেকসই উন্নয়নের অন্যতম ভিত্তি উল্লেখ করে তারা বলেন, পারস্পরিক বোঝাপড়া, সহমর্মিতা ও সহনশীলতার মাধ্যমে সমাজে শান্তি প্রতিষ্ঠা সম্ভব। তরুণ প্রজন্মকে শান্তি ও সম্প্রীতির চর্চায় এগিয়ে আসার আহ্বান জানান বক্তারা।

## ফিলিস্তিনকে স্বীকৃতি দিলো যুক্তরাজ্য-

(প্রথম পৃষ্টার পর)

জিম্মিদের পরিবার ও কিছু কনজারভেটিভ নেতা। ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু বলেন, এমন পদক্ষেপ 'সন্ত্রাসকে পুরস্কৃত করার' সমান।

তবে যুক্তরাজ্যের মন্ত্রীরা বলেন, দীর্ঘমেয়াদি শান্তির আশা টিকিয়ে রাখতে নৈতিক দায়িত্ব থেকেই এই সিদ্ধান্ত নেওয়া হচ্ছে। সরকারি সূত্র জানিয়েছে, গত কয়েক সপ্তাহে গাজার পরিস্থিতি ভয়াবহ রূপ নিয়েছে। তারা বলছে, গাজায় অনাহার ও সহিংসতার চিত্র 'সহ্য করা যাচ্ছে না। ইসরায়েলের সর্বশেষ স্থল অভিযানকে এক জাতিসংঘ কর্মকর্তা 'মহ-প্রলয়সদৃশ'। দখলদার বাহিনীর অভিযানে লাখ লাখ মানুষ গাজা সিটি থেকে পালাতে বাধ্য হয়েছে।

চলতি সপ্তাহের শুরুতে জাতিসংঘের এক তদন্ত কমিশন উপসংহার টানে যে, গাজায় ফিলিস্তিনিদের বিরুদ্ধে ইসরায়েল গণহত্যা চালিয়েছে। ইসরায়েল এই প্রতিবেদনকে 'বিকৃত ও মিথ্যা' বলে প্রত্যাখ্যান করেছে।

ব্রিটিশ মন্ত্রীরা আরও বলেন, পশ্চিম তীরে ইসরায়েলি বসতি স্থাপনের ক্রমাগত সম্প্রসারণ আন্তর্জাতিক আইনে অবৈধ ও এটাই তাদের এই সিদ্ধান্তে বড় ভূমিকা রেখেছে।

ফিলিস্তিনি কর্তৃপক্ষের প্রেসিডেন্ট মাহমুদ আব্বাস চলতি মাসের শুরুতে স্টারমারের সঙ্গে বৈঠকে যুক্তরাজ্যের স্বীকৃতির প্রতিশ্রুতিকে স্বাগত জানান। দুই নেতা একমত হন যে ভবিষ্যৎ ফিলিস্তিন শাসন ব্যবস্থায় হামাসের কোনো ভূমিকা থাকবে না।

স্টারমার আগেই জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনকে সময়সীমা হিসেবে ঠিক করেছিলেন। তিনি বলেছিলেন, যদি ইসরায়েল গাজার পরিস্থিতির অবসান, যুদ্ধবিরতিতে সম্মতি এবং দীর্ঘমেয়াদি শান্তিচুক্তির পথে দৃশ্যমান পদক্ষেপ না নেয়, তবে যুক্তরাজ্য এই পদক্ষেপ নেবে। তিনি বলেন, আমি সবসময়ই বলেছি, ফিলিস্তিনকে স্বীকৃতি দেওয়া হবে তখনই, যখন তা শান্তি প্রক্রিয়ায় সবচেয়ে বড় অবদান রাখবে। এখন যখন সেই সমাধান হুমকির মুখে, তখনই পদক্ষেপ নেওয়ার সময়।

# আমার সাতটা নোবেল পাওয়া উচিত: ট্রাম্প

সূর্যোদয় প্রতিবেদন

ভারত-পাকিস্তানসহ সাতটি যুদ্ধ থামানোর কৃতিত্ব দাবি করে যুক্তরাষ্ট্রের সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, প্রতিটি যুদ্ধের জন্য তাঁর একটি করে নোবেল শান্তি পুরস্কার পাওয়া উচিত। শনিবার (২০ সেপ্টেম্বর) আমেরিকান কর্নারস্টোন ইনস্টিটিউটের ফাউন্ডার্স ডিনারে বক্তৃতা করতে গিয়ে ট্রাম্প এই মন্তব্য করেন। ট্রাম্প বলেন, "বিশ্ব মঞ্চে আমরা এখন এমন কাজ করছি, যা আগে কখনো হয়নি। আমরা শান্তি চুক্তি করছি, যুদ্ধ বন্ধ করছি। আমরা ভারত-পাকিস্তান, থাইল্যান্ড-কাম্বোডিয়ার যুদ্ধ বন্ধ করেছি।" তিনি আরও দাবি করেন, শুধু ভারত-পাকিস্তান নয়, থাইল্যান্ড-কম্বোডিয়া, আর্মেনিয়া-আজারবাইজান, কসোভো-সার্বিয়া, ইসরায়েল-ইরান, মিশর-ইথিওপিয়া এবং রুয়ান্ডা-কঙ্গোড়মোট সাতটি সংঘাত তাঁর উদ্যোগে থেমেছে। এর মধ্যে প্রায় ৬০ শতাংশ যুদ্ধ বাণিজ্য কূটনীতির কারণে বন্ধ হয়েছে বলে দাবি করেন তিনি। ভারতের প্রসঙ্গ টেনে ট্রাম্প বলেন, "আমি বলেছিলাম, তোমরা যদি যুদ্ধ করো তাহলে বাণিজ্য হবে না। তোমাদের তো পারমাণবিক অস্ত্রও আছে। এরপর তারা যুদ্ধ বন্ধ করলো।" রাশিয়া-ইউক্রেন যুদ্ধ নিয়েও আত্মবিশ্বাস প্রকাশ করেন ট্রাম্প। তাঁর ভাষায়, "অনেকে বলেছে, আমি যদি এ সংঘাত বন্ধ করতে পারি, তাহলে নোবেল শান্তি পুরস্কার পাবো। আমি বলেছি, আমি তো সাতটি যুদ্ধ থামিয়েছি। প্রতিটির জন্য আলাদা নোবেল পাওয়া উচিত।" তিনি আরও যোগ করেন, রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের সঙ্গে তাঁর ভালো সম্পর্ক রয়েছে। যদিও সাম্প্রতিক সময়ে পুতিনের আচরণে তিনি হতাশ হয়েছেন।

## এশিয়া কাপের আগে ভারত-পাকিস্তান সীমান্তে গোলাগুলি, বাড়ছে উত্তেজনা

সূর্যোদয় প্রতিবেদন

এশিয়া কাপের ভারত-পাকিস্তান ম্যাচের আগমুহূর্তে দুই দেশের সীমান্তে ফের গোলাগুলির ঘটনা ঘটেছে। এতে দুই প্রতিবেশী দেশের মধ্যে নতুন করে উত্তেজনা ছড়িয়ে পড়েছে। শনিবার (২০ সেপ্টেম্বর) সন্ধ্যায় কাশ্মীরের কুপওয়ারা জেলার নওগাম সেক্টরে নিয়ন্ত্রণরেখায় (এলওসি) ভারত ও পাকিস্তান সেনাদের মধ্যে গোলাগুলি হয়। ভারতীয় সংবাদমাধ্যম নিউজ১৮ জানিয়েছে, প্রথমে পাকিস্তানি সেনারা গুলি ছোড়ে, পরে ভারতীয় সেনারা পাল্টা জবাব দেয়। ইন্ডিয়া টুডের প্রতিবেদনে বলা হয়েছে, স্থানীয় সময় সন্ধ্যা ৬টা ১৫ মিনিটে শুরু হওয়া গোলাগুলি প্রায় এক ঘণ্টা ধরে চলে। তবে এতে কোনো হতাহতের খবর পাওয়া যায়নি।